





## মালদহে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের পড়ুয়ার রহস্য মৃত্যুর ঘটনায় পরিবারের সঙ্গে দেখা করলেন আই এস এফ নেতা ও বিধায়ক নগুশাদ সিদ্দিকী



**মালদা** **:** মালদহে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের পড়ুয়ার রহস্য মৃত্যুর ঘটনায় পরিবারের সঙ্গে দেখা করলেন আই এস এফ নেতা ও বিধায়ক নওশাদ সিদ্দিকী। আজ মালদহের গাজলের কচুয়া গ্রামে গিয়ে পরিবারের সঙ্গে দেখা করেন নওশাদ। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে রেগিং সহ করতে না পেয়ে মানসিক অবসাদে ভেঙে পড়েন ওই ছাত্র আত্মহত্যা করে বলে আগেই অভিযোগ জানিয়েছে পরিবার। গত ১৬ ই অক্টোবর বাড়ির বাথরুমে ঝুলন্ত অবস্থায় উদ্ধার হয় মেধাবী ছাত্র উত্তম মার্ডির ঝুলন্ত দেহ। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে হোস্টেলের রেগিং হয় বলে দাবি পরিবারের। বাড়ি ফিরে আর

বিশ্ববিদ্যালয়ে যেতে চাইছিল না উত্তম।ইতিমধ্যেই ঘটনার তদন্তে বিশ্ববিদ্যালয় গিয়েছে মালদা পুলিশের দল। কিন্তু, এখন পর্যন্ত তদন্তের গতিতে সন্তুষ্টি নয় মৃতের পরিবার। আজ পরিবারের সঙ্গে দেখা করে সম্ভাব্য সব ধরনের সাহায্যের আশ্বাস দেন আইএসএফ নেতা নওশাদ। ওই ছাত্রের মৃত্যুর ঘটনায় পুলিশের তদন্ত নিয়ে প্রশ্ন তোলেন বিধায়ক। একইসঙ্গে রাজ্যে স্বপ্নদ্বীপের ঘটনার পর নতুন করে রাগিং এর শিকার হয়ে মৃত্যুর ঘটনায় সরকারের ভূমিকা নিয়েও সরব হন এই বিরোধী বিধায়ক।অন্যদিকে নওশাস সিদ্দিকিকে পালাটা আক্রমণ করেছে তৃণমূল বিধায়ক মদন মিত্র। তিনি কটাক্ষ করে বলেন

নওশাদ ছবি তুলতে এসেছেন ছবি তুলে, বাড়ি চলে যাবেন। **কমিউনিস্ট রক্তে শিল্পের ২ নং অঞ্চলের জটিল মর্যাদা বুধ একী ত্রো এক সোনার জলের টানে চক কিলকি করলে খাম্বার সফল প্রিয় শ্রী, কাজল ঘোষ মধ্য শিলিগুড়ি** **:** ফাসি দেওয়া রক্তের বিধাননগর ২ নং অঞ্চলের অন্তর্গত সদরগঞ্জ বুথে একটি ড্রেন এবং সোলার জলের ট্যাংকের শুভ শিলানাস করলেন আমাদের সকলের প্রিয় শ্রী, কাজল ঘোষ মহাশয়. **পারিবারিক বিবাদের জেরে স্ত্রীকে খারালো অস্ত্রে দিয়ে কুপিয়ে খুন করার চেষ্টা অপরাধে প্রেকতার স্বামী কোচবিহার** **:** পারিবারিক বিবাদের জেরে শনিবার সকালে স্ত্রীকে ধারার অস্ত্রে দিয়ে কোপ দেওয়ার অভিযোগে উঠল স্বামীর বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে তুফানগঞ্জের বক্সিরহাট থানার অন্তর্গত পলিকা এলাকায়। আহত ওই মহিলাকে রক্তাক্ত অবস্থায় স্থানীয় বাসিন্দারা উদ্ধার করে কোচবিহারের একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যায়। যখম ওই মহিলার নাম অঞ্জলি বর্মন (৩৪)। পরবর্তীতে


বক্সিরহাট থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ধারালো অস্ত্র সহ অভিযুক্ত স্বামীকে গ্রেফতার করে। **ভোরে মলিক হোসেন নাম এক ব্যক্তির বাড়ি থেকে একটি আগ্নেয়াস্ত্র, তিন রাউন্ড গুলি, একটি মাগাজিন উদ্ধার করেছে ফালাকাটা থানার জটেশ্বর কাড়ির পুলিশ।** গোটা ঘটনার তদন্ত চলছে বলে জানিয়েছে ফালাকাটা থানার পুলিশ।উল্লেখ্য দিন কয়েক আগে একটি হোটেল ভাঙচুরের ঘটনায় বাধা দিতেই ঝামেলা শুরু হয়। হোটেল ভাঙচুরের ঘটনায় বাধা দিয়েছিলেন এখেলবাড়ি এলাকার ব্যবসায়ী। এদিকে গত বুধবার ব্যবসায়ীর বাড়ির সামনে আগ্নেয়াস্ত্র হাতে চড়াও হয় অভিযুক্ত মালিক হোসেন। অভিযোগ, তিন রাউন্ড গুলি ছোড়ে ব্যবসায়ীর উদ্দেশ্যে। পরে অভিযোগ দায়ের হলে জটেশ্বর কাড়ির পুলিশ ওই অভিযুক্তকে বৃহস্পতিবারে গ্রেফতার করে। পুলিশ সূত্রে খবর, শুক্রবার ওই অভিযুক্তকে আলিপুরদুয়ার আদালতে তোলা হলে পুলিশ হেফাজতে নির্দেশ দিয়েছেন বিচারক। এদিকে ওই অভিযুক্তকে জেরা করে শনিবার ভোরে অভিযুক্তের বাড়ি থেকে

বক্সিরহাট থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ধারালো অস্ত্র সহ অভিযুক্ত স্বামীকে গ্রেফতার করে।

**ভোরে মলিক হোসেন নাম এক ব্যক্তির বাড়ি থেকে একটি আগ্নেয়াস্ত্র, তিন রাউন্ড গুলি, একটি মাগাজিন উদ্ধার করেছে ফালাকাটা থানার জটেশ্বর কাড়ির পুলিশ।** গোটা ঘটনার তদন্ত চলছে বলে জানিয়েছে ফালাকাটা থানার পুলিশ।উল্লেখ্য দিন কয়েক আগে একটি হোটেল ভাঙচুরের ঘটনায় বাধা দিতেই ঝামেলা শুরু হয়। হোটেল ভাঙচুরের ঘটনায় বাধা দিয়েছিলেন এখেলবাড়ি এলাকার ব্যবসায়ী। এদিকে গত বুধবার ব্যবসায়ীর বাড়ির সামনে আগ্নেয়াস্ত্র হাতে চড়াও হয় অভিযুক্ত মালিক হোসেন। অভিযোগ, তিন রাউন্ড গুলি ছোড়ে ব্যবসায়ীর উদ্দেশ্যে। পরে অভিযোগ দায়ের হলে জটেশ্বর কাড়ির পুলিশ ওই অভিযুক্তকে বৃহস্পতিবারে গ্রেফতার করে। পুলিশ সূত্রে খবর, শুক্রবার ওই অভিযুক্তকে আলিপুরদুয়ার আদালতে তোলা হলে পুলিশ হেফাজতে নির্দেশ দিয়েছেন বিচারক। এদিকে ওই অভিযুক্তকে জেরা করে শনিবার ভোরে অভিযুক্তের বাড়ি থেকে

একটি আগ্নেয়াস্ত্র, তিন রাউন্ড গুলি, একটি মাগাজিন উদ্ধার করেছে পুলিশ।

**ফালাকাটা টাউন ব্লক তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে তৃণমূলের দলীয় কার্যালয়ে সাংবাদিক সম্মেলন করা হলো** **আলিপুরদুয়ার**– শনিবার ফালাকাটা টাউন ব্লক তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে তৃণমূলের দলীয় কার্যালয়ে সাংবাদিক সম্মেলন করা হলো। এদিন ফালাকাটার তৃণমূলের দলীয় কার্যালয়ে ওই সাংবাদিক সম্মেলনটি অনুষ্ঠিত হয়। সাংবাদিকদের মুখোমুখি হয়ে ফালাকাটা তৃণমূলের টাউন ব্লক সভাপতি শুভ্রত দে অভিযোগ করেন, কেন্দ্রীয় বিজেপি সরকার রাজ্যের গরিব মানুষের টাকা আটকে রেখেছে, তারা একশ দিনের কাজের টাকা এবং আবাস যোজনার টাকা তারা দিচ্ছে না, গরিব মানুষের হকের টাকা পাচ্ছে না, দলের রাজ্য নেতৃত্বের নির্দেশে আগামী দিনে গরিব এই শ্রমিক মজদুরদের নিয়ে বৃহত্তম আে–দালনে নামা হবে, ১০০ দিনের টাকা ও আবাস যোজনার টাকা ফেরতের দাবিতে ফালাকাটা টাউন ব্লক তৃণমূল কংগ্রেসের উদ্যোগে ওই সাংবাদিক সম্মেলন করা হয়। এদিনলেনে ওই সাংবাদিক সম্মেলনের উপস্থিত ছিলেন ফালাকাটা টাউন ব্লকের নেতৃত্ব



## দৌদমভাব্ কন্নীকে ম্যাব্ধাব্ ও

**কোচবিহার** **:** পৌরসভার কর্মীকে মারধোর ও হেনস্তার অভিযোগে দুই নম্বর ওয়ার্ডের কাউন্সিলর এর বিরুদ্ধে শাস্তির দাবিতে কোচবিহার রাজপথে মিছিল করলো কোচবিহার পৌরসভার কর্মীরা।গত মার্দের ৩০ তারিখে ২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর উজ্জ্বল তর কোচবিহার পৌরসভার এককর্মীকে মারধর করে বলে অভিযোগ, এই বিষয়ে পৌরসভার এক কর্মী জানান ৩০ তারিখের ঘটনার পরিপ্রেক্ষিতে সংগঠনের পক্ষ থেকে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল ৪ঠা নভেম্বর শহরে পৌর কর্মীরা মিলে মিছিল করবো কিন্তু, গতকাল কোচবিহার পৌরসভার চেয়ারম্যান আজকে মিটিং করার কথা বলেন, এবার আমরা চেয়ারম্যান সাহেবের সাথে মিটিংয়ে বসবো তিনি কি বার্তা দেন সেটাও আমরা শুনবো।ঘটনার পরিপ্রেক্ষিতে দুই নম্বর ওয়ার্ডের কাউন্সিলর কে নি–স্বার্থে প্রকাশ্যে ক্ষমা চাইতে হবে, ক্ষমা চাইলেই আমাদের আন্দোলন আমরা প্রত্যাহার করব বলে জানান পৌরসভার আন্দোলনকারী কর্মীরা।

**লেপচা ভাষা ও সংস্কৃতিকে অষ্টম তপসিলির অন্তর্ভুক্ত করার দাবি তুললো ইন্ডিজিনাস লেপচা ট্রাইবাল এসোসিয়েশন**

**শিলিগুড়ি** **:** লেপচা ভাষা ও সংস্কৃতিকে অষ্টম তপসিলির অন্তর্ভুক্ত করার দাবি তুললো ইন্ডিজিনাস লেপচা ট্রাইবাল এসোসিয়েশন। শনিবার শিলিগুড়ির বাঘাঘাতীন পার্ক ময়দানে সেই দাবি তুলে ধরে এদিন জনসভা করা হয়।জনসভায় উপস্থিত ছিলেন তৃণমূল কংগ্রেসের প্রাক্তন রাজ্যসভার সাংসদ শান্তা ছেত্রী। পাশাপাশি লেপচা উন্নয়ন বোর্ড সহ বিভিন্ন লেপচা সম্প্রদায় ও স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা। সিকিমে লেপচা ভাষায় পঠনপাঠনের প্রক্রিয়া থাকলেও এরাভ্যে তা নেই।লেপচা ভাষায় পঠন পাঠন সহ সাংবিধানিক স্বীকৃতির দাবি তুলে ধরা হয়।লেপচা ভাষা ও সংস্কৃতির দাবিতে একটি সমন্বয় কমিটি গঠন করা হয়। এই কমিটি আগামীতে দাবি আদায়ে কাজ করবে। ২০১৭ সাল থেকে এই দাবি উঠে আসলেও কেন্দ্রীয় সরকার এখনও কর্ণপাত করেনি।রাজ্যসভায় লেপচা ভাষার স্বীকৃতির দাবিতে প্রশ্ন তুলে ছিলেন প্রাক্তন সাংসদ শান্তা ছেত্রী।

**উত্তর দিনাজপুর জেলার গোয়ালপোখর থানার সন্না**

**বাড়ি এলাকায় রেলের কাটা পড়ে মৃত্যু হলো এক বৃদ্ধার** **উত্তর দিনাজপুর**– উত্তর দিনাজপুর জেলার গোয়ালপোখর থানার সন্না বাড়ি এলাকায় রেলের কাটা পড়ে মৃত্যু হলো এক বৃদ্ধার। ঘটনায় শোকের ছায়া পরিব্যাপ্ত। মৃত ওই বৃদ্ধার নাম সুবেদা খাতুন বয়স অনামুনিক ৬৯ বছর। তবে পরিবারের আত্মীয়রা জানিয়েছেন মানসিক ভারসাম্যহীন ছিলেন সেই বৃদ্ধা। কি করে এই ঘটনা ঘটলো তারাও যথেষ্ট চিন্তিত । ঘটনার খবর পেয়ে ছুটে আসে পরিবারের লোক ও স্থানীয় বাসিন্দারা। খবর দেওয়া হয় আলুয়া বাড়ি রেল পুলিশকে , রেল পুলিশের অধিকারিকেরা ঘটনা স্থলে পৌঁছে মৃতদেহটি উদ্ধার করে ময়নতদন্তের জন্য ইসলামপুর মহকুমা হাসপাতাল পুলিশ মর্গে পাঠিয়েছে, ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।



## হেনস্তাব্ অভিযোগে বিক্ষোভ মিছিলে স্যামিল দৌদমভাব্ কন্নীদ্বা

**নতুন বছরের জানুয়ারি মাসে রাম মন্দিরের ডিক্রয়ার করুই ওরা লোকসভা ভোটের নির্বাচনে আসতে চাইছে। এবারের লোকসভার ভোটের লড়াইটা হবে মোদি ‘শাহ বনাম ইন্ডিয়া জোটের মালদা** **:** নতুন বছরের জানুয়ারি মাসে রাম মন্দিরের ডিক্রয়ার করুই ওরা লোকসভা ভোটের নির্বাচনে আসতে চাইছে। এবারের লোকসভার ভোটের লড়াইটা হবে মোদি ‘শাহ বনাম ইন্ডিয়া জোটের। লোকসভার ৫৭৩ টি আসনের মধ্যে এবারে ৪০০ টি আসনে একের বিরুদ্ধে একের লড়াই হবে। সেটা বিজেপি ভালোমতো জানতে পেরে গিয়েছে, তাতেই এখন ওরা নিজজেরে অস্তিত্ব টিকিয়ে থাকার লড়াই নেমেছে। শনিবার দুপুরে মালদায় একটি বেসরকারি কর্মসূচিতে এসে এভাবেই কেন্দ্রের বিজেপি সরকারকে দুমুছেন কামারহাটির তৃণমূল বিধায়ক মদন মিত্র।এদিন পুরাতন মালদা রক্তের নারায়ণপুর এলাকার একটি বেসরকারি কোম্পানির চার চাকার গাড়ির শোকর্মের উদ্বেগন করেন তৃণমূল বিধায়ক তথা প্রাক্তন পরিবহন মন্ত্রী মদন মিত্র । আর এই কর্মসূচির মধ্যেই বিধায়ক সরাসরি কেন্দ্রের তদন্তকারী দুটি এজেন্সি এবং মোদি ও অমিত শাহের বিরুদ্ধে ত্রুমূল সমালোচনা করেন।বিধায়ক মদন মিত্র বলেন , এতদিন তো কেন্দ্রীয় তদন্তকারী এজেন্সি ইডিসিবিআই বিজেপি এবং আরএসএসের হস্তক্ষেপে চলছিল। কিন্তু এখন তাদের কাছ থেকে সেই ক্ষমতা চলে গিয়েছে। এখন কেন্দ্রের দুইজন লোক এই এজেন্সিগুলোকে চালাচ্ছে। বিগত দিনে আমরা দেখেছি তৃণমূল সাংসদ তথা দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জিকে যখন তখন হয়রানি করেছে কেন্দ্রীয় এজেন্সি। এমনকি অভিষেক ব্যানার্জির পরিষ্করা বন্ধ করে দেওয়ার চেষ্টা করা হয়েছে। তৃণমূল সব সময় সত্য ঘটনা উদ্ঘাটনের জন্য সহযোগিতা করে এসেছে। সুতরাং প্রত্যেকেই সত্যটা জানতে চাই। কেন্দ্রীয় এজেন্সি দিয়ে তৃণমূল নেতৃত্বকে হয়রানি করলে সেটা রাজ্যের মানুষ মেনে নেবে না।

এদিন এই কর্মসূচির পরই সাংবাদিকদের সামনে খোলামেলা আলোচনায় কামারহাটির তৃণমূল বিধায়ক মদন মিত্র বলেন, বিজেপির বিরুদ্ধে ইন্ডিয়া জোট হওয়ার পর থেকেই ওরা এখন অস্বস্তিতে পড়ে গিয়েছে। এবারের লোকসভা নির্বাচনে ৫৭৩ টি আসনের মধ্যে ৪০০ আসনে সরাসরি একের বিরুদ্ধে এক লড়াই হবে। তার ফল যে কি হতে পারে সেটাও মোদি ও অমিত শাহের সরকার ভালো করে জানেন। কিছুদিন পরেই পাঁচ রাজ্যে বিধানসভা নির্বাচন রয়েছে। তাতে চারটি রাজ্যে গোহারা হারছে বিজেপি। আরো একটিতে জয়ের কোন সম্ভাবনা নেই। সুতরাং এবারে ইন্ডিয়া জোটের বিরোধিতা করলেও কোন লাভ হবেনা।বিধায়ক মদন মিত্র বলেন , কেন্দ্রের বিজেপি সরকার দীর্ঘদিন ধরেই এ রাজ্যের ১০০ দিনের ২২ লক্ষ জবকাও ধারীদের টাকা আটকে রেখেছে। এনিয়ে দলনেত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আে–দালনের ডাক দিয়েছে।বিধায়ক মদন মিত্র বলেন , সাংসদ মহুয়া মিত্র যখন এখিল্ল কমিটি থেকে বেরিয়ে আসলেন তখন অন্যান্য দিল্লিতে উপস্থিত কংগ্রেস ও সিপিএমের সাংসদদেরাও তার পাশে থেকে সেই এখিল্ল কমিটি থেকে বেরিয়ে এসেছিলেন । সুতরাং এতে মনে করা হচ্ছে দিল্লির কংগ্রেস , সিপিএম নেতৃত্ব এবং এরাভ্যের কংগ্রেস , সিপিএমের মধ্যে আচরণগত অনেক পার্থক্য রয়েছে। যদিও এরাভ্যে কংগ্রেস ও সিপিএমের কোনো অস্তিত্ব নেই। এখন ইন্ডিয়া জোটের লক্ষ্য একটাই , নরেন্দ্র মোদি এবং অমিত শাহের সরকারকে ক্ষমতাচ্যুত করা।

**জনগণ্যডি কেন্দ্রের রাণা করা খিচুড়িতে কিলবিল করছে পোকা। আর সেই খিচুড়ি শিশুদের পাতে দিতেই রীতিমতো হুইচই কাভ ঘটে গেল চাঁদল থানার চন্দ্রপাড়া গ্রাম পঞ্চায়েতের বাহারাবাদ অঙ্গনওয়াড়ি কেন্দ্রে**

**মালদা** **:** অঙ্গনওয়াড়ি কেন্দ্রের রাণা করা খিচুড়িতে কিলবিল করছে পোকা। আর সেই খিচুড়ি শিশুদের পাতে দিতেই রীতিমতো হুইচই কাভ ঘটে গেল চাঁদল থানার চন্দ্রপাড়া গ্রাম পঞ্চায়েতের বাহারাবাদ অঙ্গনওয়াড়ি কেন্দ্রে। পোকা দেওয়া খাবার দেখতে পেয়ে চরম ক্ষোভ ছড়িয়ে পড়ে সুসংগঠিত এলাকার গ্রামবাসীদের মধ্যে। এই ঘটনার পর অভিভাবক এবং গ্রামবাসীদের বিক্ষোভের জেরে ওই এলাকায় পৌঁছায় চাচোল থানার পুলিশ। পরে পুলিশি হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। আর এই বাজে খাবার বিলি করার বিষয়টি নিয়ে ক্ষিপ্ত গ্রামবাসীরা সংগঠিত এলাকার পঞ্চায়েত ও প্রশাসনকে অভিযোগ জানানোর কথা জানিয়েছেন।যদিও এবিষয়ে বাহারাবাদ অঙ্গনওয়াড়ি কেন্দ্রের এক কর্মী সারিনা ইয়াসমিনের দাবি, রাণা করার সময় কোনরকম পোকা ছিল না। পরে হয়তো অন্য কোনভাবে খাবারে এই পোকা চলে আসতে পারে। এই ঘটনায় তাদের কার্যের গাফিলতি নেই। এই ঘটনার পিছনে কোন যড়যন্ত্র রয়েছে।স্থানীয় সূত্রে জানা গিয়েছে, প্রতিদিনের মতো এদিন চন্দ্রপাড়া গ্রাম পঞ্চায়েতের বাহারাবাদ অঙ্গনওয়াড়ি কেন্দ্রে প্রায়

৫০ জন শিশুর জন্য পুষ্টির খাদ্য খিচুড়ি, সবজি রান্না করা হয়েছিল। রান্নার পরেই সেই খাবার শিশুদের পাতে দেওয়ার সময় ঘটে যায় বিপত্তি । খেতে বসে কয়েকজন শিশুর নজরে আসে খিচুড়িতে কিলবিল করছে পোকা। এরপর ওই শিশুরা তাদের অভিভাবকদের কাছে থালা ভর্তি পোকা দেওয়া খিচুড়ি নিয়ে গিয়ে দেখায়। আর তারপর থেকেই অভিভাবকদের মধ্যে চরম অসন্তোষ ছড়িয়ে পড়ে। এরপরই ক্ষিপ্ত গ্রামবাসী ও অভিভাবকেরা অঙ্গনওয়াড়ি এক মহিলা কর্মীকে সামনে পেয়ে চরম বিক্ষোভ দেখায়।বিক্ষোভকারী অভিভাবকদের অভিযোগ, এই অস্বাস্থ্যকর খাবার খেলে যে কোনো মুহূর্তে শিশুদের শারীরিক বিপদ ঘটে যেত। কিভাবে খিচুড়িতে এরকম পোকা দেওয়া খাবার চলে এলো এবং তা শিশুদের মধ্যে বিলি করা হচ্ছিল সে কোথাও আমরা অঙ্গনওয়াড়ি কর্মীদের কাছে জানতে চেয়েছিলাম। উল্টে তারা অন্য রকমের অজুহাত দেখাতে শুরু করে ।স্থানীয় গ্রামবাসী আকরম শেখের অভিযোগ , এর আগেও এই অঙ্গনওয়াড়ি কেন্দ্রে খাবার বিল নিয়ে বিস্তর অভিযোগ করেছিলাম। এদিন পোকা দেওয়া খিচুড়ি খাওয়ার কিভাবে দেওয়া হলো সেটাই বুঝতে পারছি না। খিচুড়ি দেওয়ার পর থালা ভর্তি পোকা দেখে আমরাও ঘাবড়ে গিয়েছি। এই ঘটনার যারা দোষী রয়েছে তাদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিও জানানো হয়েছে।মালদা জেলা পরিষদের নির্বাচিত সংগঠিত এলাকার সদস্য আব্দুল হাই জানিয়েছেন, ঘটনাটি মারাত্মক। এত বড় ভুল কিভাবে হলো, তা অবশ্যই আমরা ওই অঙ্গনাওয়াড়ি কেন্দ্রের কর্মীদের কাছে জানতে চাইব। পাশাপাশি পুরো বিষয়টি নিয়েও ব্লক প্রশাসনকে জানানো হবে।

**খাসকোল ফুটবল কমিটির উদ্যোগে নক আউট প্রতিযোগিতার অনুষ্ঠিত হলো**

**মালদা** **:** খাসকোল ফুটবল কমিটির উদ্যোগে নক আউট প্রতিযোগিতার অনুষ্ঠিত হলো । শনিবার বিকেলে ইংরেজবাজার রক্তের মিল্কি গ্রাম পঞ্চায়েতের খাসকোল ফুটবল খেলার মাঠে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। এদিনের এই টুর্নামেন্টকে ঘিরে প্রচুর মানুষ ভিড করেন। বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইংরেজবাজার পুরসভার ভাইস চেয়ারম্যান সুমলা আগারওয়াল, মালদা জেলা পরিষদের তৃণমূল দলের নির্বাচিত সদস্য জুয়েল শেখ সহ বিশিষ্ট জনেরা।সংগঠিত ক্লাবের এক সদস্য আবদুল সালাম জানিয়েছেন, খাসকোল ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। মালদা এবং তার পার্শ্ববর্তী জেলার মোট ১২ টি দল এই ফুটবল খেলায় অংশগ্রহণ করেছিল। বেশ কিছুদিন ধরে টুর্নামেন্টই চলছিল। এদিনের ফাইনাল খেলায় অংশগ্রহণ করে বহরমপুর বনাম মিলিকি । এবছর এই ক্লাবের ফুটবল টুর্নামেন্টের ৩৮ তম বর্ষ।

**গোপন সূত্রে খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে ৩০০ বোতল অবৈধ কাফ সিরাপ সহ দুজনকে গ্রেপ্তার করল প্রধাননগর থানার পুলিশ শিলিগুড়ি**– গোপন সূত্রে খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে ৩০০ বোতল অবৈধ কাফ সিরাপ সহ দুজনকে গ্রেপ্তার করল প্রধাননগর থানার পুলিশ। শনিবার চম্পাসারী এলাকা থেকে এই দুজনকে গ্রেফতার করা হয়। ধৃত দুজনের নাম রঞ্জিত মাহাতো, চম্পাসারী অঞ্চলের বাসিন্দা ও কমল বিশ্বাস, বাগডোগারার কেষ্টপুরের বাসিন্দা। ধৃতদের আগামীকাল শিলিগুড়ি আদালতে তোলা হবে।

**শিলিগুড়ির এনজোপি স্টেশন লাগোয়া সাউথ কলোনির কোয়ার্টার লাইনে চলে ফ্রি মেডিকেল ক্যাম্প**

**শিলিগুড়ি**– চা বাগান এলাকা হোক কিংবা প্রান্তিক এলাকার মানুষ, রোজ দুবেলা যাদের অন্ন জোটানো দায় হয়ে পড়ে, তাদের চিকিৎসা করা তো দূরের কথা। শরীর অসুস্থ হলেও তাদের পক্ষে সম্ভব হয় না আলাদা করে ডাক্তার দেখানো। আর সেই সমস্ত মানুষদের পাশে শিলিগুড়ি রাজবংশী রিপ মিনিস্ট্রি। আজ শিলিগুড়ির এনজোপি স্টেশন লাগোয়া সাউথ কলোনির কোয়ার্টার লাইনে চলে ফ্রি মেডিকেল ক্যাম্প। ওই এলাকার মানুষেরা যেখানে জেনারেল চিকিৎসা করান আজ। হোলি প্যালেস খ্রিষ্টান হাসপাতাল নকশালবাড়ির তরফে ডিসাইপেল চার্চের উদ্যোগে এই ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়েছে। সহযোগিতা করেছেন শিলিগুড়ি রাজবংশী রিপ মিনিস্ট্রি, এবং আর এইচ মেডিকেল সার্ভিস। প্রায় ১০০ জনের মতো দু–হু মানুষকে চিকিৎসা করানোর লক্ষ্য নেওয়া হয়েছে। যেখানে আট থেকে আশি সর্বশেষ চিকিৎসা করান। প্রত্যেকটি মানুষের প্রেসার, বিপি চেক আপ, অক্সিমিটার, পালস রেট চেক আপ করা হয়।

**এক ফেজি সোনার বার সহ ভুটান ও তামিলনাড়ু দুই যুবককে গ্রেফতার করা খয়্রাছ**

**শিলিগুড়ি** **:** গোপন সূত্রে খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে কাঞ্চনকন্যা এন্ডপ্রেস থেকে দুজনকে অবৈধ এক ফেজি সোনা সহ গ্রেপ্তার করল কেন্দ্রীয় রাজস্ব গোয়েন্দা দপ্তর। গতকাল সন্ধ্যায় শিলিগুড়ি জংশন স্টেশনে ট্রেনটি এসে পৌঁছালে তাদেরকে গ্রেফতার করে DRI ধৃত দুজনের নাম ফুব সেরিং, ভুটানের বাসিন্দা ও আমজাদ খান, তামিলনাড়ুর বাসিন্দা। তাদের কাছ থেকে মোট দশটি সোনার ফিন্স্টউ উদ্ধার করা হয় যার মোট ওজন ১ কেজি। উদ্ধার হওয়া সোনার আনুমানিক বাজার মূল্য ৬১ লক্ষ ১১ হাজার টাকা। সূত্রের খবর সেই সোনা গুলোকে ব্যাংকক থেকে ভুটান হয়ে, আলিপুরদুয়ার দিয়ে কলকাতা নিয়ে যাওয়া হচ্ছিল। ধৃত দুজনকে রবিবার শিলিগুড়ি আদালতে তোলা হয়। পুরো ঘটনার তদন্ত রয়েছে DRI।

**জুয়ার আসরকে কেন্দ্র করে দুই গোষ্ঠীর মধ্যে বিবাদ, গুরুতর আহত হয়েছে তিনজন ও সামান্য আহত একাধিক**

**শিলিগুড়ি** **:** শিলিগুড়ির IOC এর সামনে রায়পাড়া এলাকায় দুই গোষ্ঠীর মধ্যে বিবাদ থেকে হাতাহাতি। ঘটনায় গুরুতর আহত হয়েছে তিনজন ও সামান্য আহত একাধিক। ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়ায় এলাকায়। ঘটনাটি ঘটে গতকাল গভীর রাতে। জানা গিয়েছে সম্প্রতি ওই এলাকায় দুই গোষ্ঠীর মধ্যে বিবাদ বাঁধে। স্থানীয় সূত্রে খবর একটি জুয়ার আসরকে কেন্দ্র করে শুরু হয় এই বিবাদ। গতকাল ফের সেই বিষয়টিকে তুলে ধরে বিবাদ বাঁধে ওই দুই গোষ্ঠীর মধ্যে। বিবাদ হাতাহাতিতে চলে যায় এবং ঘটনায় গুরুতর আহত হয় তিনজন। দুই পক্ষেরই বেশ কয়েকজন আরো আহত রয়েছে। বর্তমানে গুরুতর আহত ৩ জন শিলিগুড়ির একটি বেসরকারি নার্সিংহোমে চিকিৎসাধীন রয়েছে। রবিবার সকালে এই পুরো বিষয় নিয়ে নিউ জলপাইগুড়ি থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়। গতকাল রাতেও ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে এসেছিল পুলিশ। পুরো ঘটনার তদন্ত শুরু করেছে নিউ জলপাইগুড়ি থানার পুলিশ।

**কেন্দ্রের বিজেপি সরকারের বিরুদ্ধে ১০০ দিনের কাজের টাকা আটকে রাখার প্রতিবাদ জানিয়ে অবস্থান বিক্ষোভ করলো তৃণমূল নেতৃত্ব** **মালদা** **:** কেন্দ্রের বিজেপি সরকারের বিরুদ্ধে ১০০ দিনের কাজের টাকা আটকে রাখার প্রতিবাদ জানিয়ে অবস্থান বিক্ষোভ করলো তৃণমূল নেতৃত্ব। শনিবার রাতে ইংরেজবাজার পুরসভার ১৭ নম্বর ওয়ার্ডের তৃণমূল দলের কাউন্সিলর শুভময় বসুর নেতৃত্বে মালদা শহরের রাজমহল রোডে এই অবস্থান বিক্ষোভ চলে। সেখানে ধর্না ও বিক্ষোভ অবস্থানে সামিল হন জেলা তৃণমূলের অন্যান্য নেতৃত্বর। তৃণমূল দলের কাউন্সিলর শুভময় বসু জানিয়েছেন, দীর্ঘদিন ধরেই কেন্দ্রের মোদি সরকার পশ্চিমবঙ্গের ১০০ দিনের কাজ প্রকল্পের টাকা আটকে রেখেছে। প্রায় ২২ লক্ষ জব কার্ড ধারীরা এখনো পর্যন্ত নিজজেরে পারিশ্রমিক পান নি । যা নিয়ে দলনেত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আন্দোলনের ডাক দিয়েছেন। দলনেত্রীর পাশে দুাঁড়িয়ে এদিন মালদা শহরের ধর্না এবং অবস্থান বিক্ষোভ করা হয়েছে।

₹10K SIP for 5 Yrs  
can become

₹17L

Invest in Top Mutual Funds 2018



START SIP

UPWARDLY.in

### আজকের দিনটি



**মেঘ** **:** পারিবারিক চিন্তা। আয় কম, খর্চা বেশী। স্বাস্থ্য বাধা।  
**বৃষ** **:** প্রেমি–প্রেমিকার মধ্যে মনোমালিন্য। আর্থিক দুরাবস্থা, স্বাস্থ্যর অবনতি।  
**মিথুন** **:** ভোগ বিলাসে সময় কাটবে। ধনের অপব্যায়, পারিবারিক কার্যে বাধা।  
**কর্ক** **:** মান–সম্মান ও প্রতিষ্ঠায় বৃদ্ধি। অনিষ্ট গ্রহের শাস্তি করান অন্যথা দুর্ঘটনার সম্ভাবনা।  
**সিংহ** **:** মুখরোচক আহারের সম্ভাবনা। বিদের ভ্রমণ বা অন্যান্য স্থানে ভ্রমেরে যোগ। পরিবারে কিশ্তি অশান্তি।  
**কন্যা** **:** স্বামী স্ত্রীর মধ্যে মধুর সম্পর্ক। ব্যবসায় লাভ।  
**বৃশ্চিক** **:** লব্ধিত কার্য সম্পন্ন হইবে। সন্তান যোগের সম্ভাবনা। স্বামী স্ত্রীর মধ্যে সুসম্পর্ক।  
**তুলা** **:** সন্তানের শারিরিক অবনতি। মা–বাবার সন্তান সুখ লাভ। গৃহ–ভূমি কেনার সম্ভাবনা।  
**ধনু** **:** নতুন কার্য ও নতুন ব্যাবসার উদ্রোহন। রাজনীতিজ্ঞদের উচ্চ পদ লাভ।  
**মকর** **:** পরিশ্রমধারাই জীবনযাপন সুষ্ঠু ভাবে সম্ভব। স্বামী স্ত্রীর মধ্যে সুসম্পর্ক। ভ্রমণে সম্ভাবনা।  
**কুম্ভ** **:** স্বামী স্ত্রীর মধ্যে মধুর সম্পর্ক। ব্যবসায় লাভ।  
**মীন** **:** ব্যবসায় লোকসান, হওয়া কাজে বাধা, মহিলারা নিজের সাহস্কার দিকে লক্ষ রাখুন।

তান্ত্রিক অশোক স্বামী



# জার্মানিতে প্রায় অর্ধকোটি মানুষ জুয়ায় আসক্ত

**বার্লিন :** সরকারি প্রতিবেদন বলছে, জার্মানিতে ৪৬ লাখ মানুষ জুয়ায় আসক্ত অথবা আসক্তির ঝুঁকিতে। প্রতিবেদন প্রকাশের পর জার্মান সরকারের এক মন্ত্রী জুয়ায় কিছুটা কড়াকড়ি আরোপের প্রস্তাব করেছেন।

সোমবার জার্মানির কেন্দ্রীয় মাদক কমিশনার বুরখার্ড ব্লিয়েনার্ট প্রতিবেদনটি প্রকাশ করেন। সেখানে দেখা যায়, প্রায় ১৩ লাখ জার্মান জুয়ায় পুরোপুরি আসক্ত এবং আরো ৩৩ লাখ আসক্তির পক্ষে। ‘গ্যাম্বলিং অ্যাটলাস’ শীর্ষক ঐ প্রতিবেদনটি ২০২১ সাল পর্যন্ত তথ্য বিশ্লেষণ করে দেখিয়েছে, জার্মানির ৩০ ভাগ প্রাপ্তবয়স্ক জুয়া খেলেন। ৭.৭ ভাগ প্রাপ্তবয়স্ক মাত্রাতিরিক্ত জুয়া খেলার ফলে আর্থিক, সামাজিক ও স্বাস্থ্য সংকটে ভুগছেন। “জুয়া খেলে খুশি হচ্ছেন এমন ঘটনা বিরল,” বলেন কমিশনার ব্লিয়েনার্ট।

প্রতিবেদনটি বলছে, ২১ থেকে ৩৫ বছর বয়সী তরুণ ও যুবকদের মাঝে জুয়ায় আসক্ত হবার প্রবণতা বেশি। একই সঙ্গে তারা মানসিক সমস্যা ও উচ্চ মাত্রায় অ্যালকোহলে আসক্তও হচ্ছেন। প্রতিবেদনে জুয়া খেলাকে ‘অতিমাত্রার ও ধ্বংসাত্মক অংশগ্রহণ’ বলে উল্লেখ করা হয়, কারণ জুয়াড়িরা নিজেদের ওপর নিয়ন্ত্রণ হারান এবং বারবার খেলতে থাকেন। তাদের এই আসক্তি অন্যদের কাছে লুকান এবং সমাজ থেকে আলাদা হয়ে পড়েন।

জুয়ার ঝুঁকিতে অভিভাবসীরাও আছেন বলে মনে



করেন বিশ্লেষকেরা। তারা বলছেন, অভিভাবসীরা যেসব ভয়ঙ্কর অভিজ্ঞতার মধ্য দিয়ে গেছেন, তা ভুলতে তারা এতে জড়িয়ে পড়তে পারেন। এছাড়া জার্মানিতে তারা নিজেদের বিচ্ছিন্ন মনে করলে এবং আর্থিক সংকটও ক্ষেত্রে নিয়ামকের ভূমিকা পালন করতে পারে।

গেম হলগুলোতে চিরাচরিত স্লট ম্যাশিন বা আর্কেড গেমগুলোর পাশাপাশি এখন লাইভ খেলাও এখন জুয়ার অন্যতম মাধ্যম হয়ে উঠেছে।

জার্মান ফুটবলে এর প্রভাব সবচেয়ে বেশি। ২০২২ সালে ডয়েচে ভেলের একটি প্রতিবেদনে দেখা যায়, বেটিং কোম্পানি বিভাড্রিউআইএন জার্মানির ফুটবল সংস্থা ডিএফবি’র অফিসিয়াল পার্টনার। এছাড়া সংস্থাটি ইউনিয়ন বার্লিন, বরুশিয়া উর্টমুন্ড, কোলন, সেইন্ট প্যাউলি ও ডায়নামো ড্রেসডেন ক্লাবেরও সহযোগী। জার্মান জাতীয় দল ও বার্নার মিউনিখের সাবেক গোলরক্ষক, অধিনায়ক ও ক্লাবের প্রধান নির্বাহী

অলিভার কান ২০১২ থেকে ২০২০ সাল পর্যন্ত বেটিং কোম্পানি টিপিফোর মুখ ছিলেন। বেটিংয়ের বিজ্ঞাপন ছাড়া জার্মান ফুটবল কল্লনাই করা যায় না।

তবে এই খাত থেকে সরকারও মুনাফা করছে। জুয়া খাত গত বছর ১৩৪০ কোটি ইউরো মুনাফা করেছে। আর ২০২১ সরকারের আয় হয়েছে ৫২০ কোটি ইউরো। অ্যালকোহল থেকে সরকার ট্যাক্স পায় এর অর্ধেক।

## তারুণ্যের ভবিষ্যৎ ভাবনায় স্বদেশবিদ্বেষ



**ঢাকা :** বাংলাদেশের শতকরা ৪২ ভাগেরও বেশি তরুণতরুণী দেশের বাইরে চলে যেতে চান। আবার ৭০ ভাগের বেশি তরুণ মনে করেন, দেশেই অর্থনৈতিক উন্নয়ন সম্ভব। এক গবেষণায় উঠে এসেছে এমন অনেক তথ্য।

ব্র্যাক ইউনিভার্সিটির সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস (সিপিজে) এর সহযোগিতায় বাংলাদেশ ইয়ুথ লিডারশিপ সেন্টার (বিওয়াইএলসি) এর করা ‘ইয়ুথ ম্যাটার্স সার্ভে ২০২৩’ শীর্ষক জরিপে আরো অনেক তথ্য উঠে এসেছে। তবে এই জরিপের গবেষকরা বলছেন, জরিপে ইতিবাচক চিত্রও পাওয়া গেছে। ৭০ ভাগের বেশি তরুণ মনে করেন এই দেশেই তাদের ব্যক্তিগত অর্থনৈতিক উন্নয়ন হবে। তরুণদের একটি অংশ দেশের বাইরে চলে যেতে চাইলেও শতকরা প্রায় ৬০ ভাগ যে দেশেই থাকতে চান সেটাও একটা ইতিবাচক দিক বলে তারা মনে করেন। দেশের সব বিভাগকে এই জরিপের আওতায় আনা হয়েছে। ১৬৩৫ বছর বয়সি পাঁচ হাজার ৬০৯ জন অংশগ্রহণকারীর ওপর ফেসবুকের মাধ্যমে তারা এই জরিপ চালায়। জরিপে অংশ নেয়া ৬৮.৬ শতাংশ তরুণতরুণী মনে করেন, বর্তমান শিক্ষা ব্যবস্থা কর্মসংস্থান বা ব্যবসায়িক উদ্যোগের ক্ষেত্রে প্রয়োজনীয় দক্ষতা অর্জনে সহায়ক নয়। উত্তরদাতাদের ৫৫ শতাংশ মনে করেন, বাংলাদেশ একটি শান্তিপূর্ণ দেশ নয়। ৫৭ শতাংশ মনে করেন, গত পাঁচ বছরে

দেশে বিচার ব্যবস্থার অবনতি হয়েছে। ৮৮.৮ শতাংশ তরুণতরুণী দুর্নীতিকে দেশের উন্নয়নের পথে সবচেয়ে বড় চ্যালেঞ্জ হিসেবে দেখছেন। আর ৬৭.৩ শতাংশ বেকারত্বকে বড় চ্যালেঞ্জ হিসেবে মনে করছেন। জরিপে অংশগ্রহণকারীদের ৫০.৫ শতাংশ মূল্যবাহিতা এবং অর্থনৈতিক সংকটকে প্রধান এই সময়ের চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করেছেন। ৬১.৮ শতাংশ উত্তরদাতার মতে, তাদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের ওপর মূল্যবাহিতা নেতিবাচক প্রভাব ফেলেছে। আর ৪০ শতাংশ উত্তরদাতার ওপর নেতিবাচক প্রভাব ফেলেছে চাকরির নিরাপত্তাহীনতা। ৭৩.৪ শতাংশ জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবের মুখোমুখি হয়েছেন বলে জানিয়েছেন। জরিপে দেখা যায় ৭১.৫ শতাংশ তরুণতরুণী সামাজিক যোগাযোগমাধ্যমের মতো পাবলিক প্ল্যাটফর্মে মত প্রকাশকে অনিরাপদ মনে করেন। আর ১৮ বছরের বেশি যাদের বয়স, তাদের ৭২ শতাংশ তরুণতরুণী আগামী জাতীয় নির্বাচনে ভোট দেওয়ার আগ্রহ প্রকাশ করেছেন। ফলে জরিপে অংশ নেয়া ৪২.৪ শতাংশ তরুণতরুণী বিদেশে যেতে চান এবং যাওয়ার পরিকল্পনা করছেন। তবে ৫৭ শতাংশ তরুণতরুণী এখনো বাংলাদেশে তাদের

ভবিষ্যৎ নিয়ে আশাবাদী বলে জানিয়েছেন। আর অবস্থার পরিবর্তন হলে দেশের বাইরে যেতে চাওয়া ৮৫.৫ শতাংশ আবার দেশে ফিরে আসতে চান।

জরিপের প্রধান গবেষক হোসেন মোহাম্মদ ওমর খাইয়ুম বলেন, তরুণদের মধ্যে যে বিদেশ যাওয়ার ইচ্ছা, তার কারণ পুরো জরিপেই প্রতিফলিত হয়েছে। তারা নিরাপত্তা, পেশাগত ও আর্থিক উন্নয়নকে বিবেচনায় নিয়েছেন।

তিনি বলেন, তারা গণতন্ত্রের যে অবনতি, তা বিবেচনা করেছেন। মত প্রকাশের স্বাধীনতা, অনিশ্চয়তা, বেকারত্ব, দুর্নীতি, ব্যক্তিগত নিরাপত্তা এবং সার্বিকভাবে কাজ ও প্রফেশনাল স্কিল ডেভেলপমেন্টের বিষয়গুলো বিবেচনায় নিয়ে দেশের বাইরে যেতে চান তারা।


তবে ব্র্যাক ইউনিভার্সিটির সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিসের গবেষণা পরিচালক ড. এম সানজীব হোসেন বলেন, তাদের যেমন উদ্বেগ আছে, তেমনি তাদের দেশ নিয়ে অনেক আশাও আছে। প্রায় ৬০ ভাগ তরুণতরুণী তো দেশেই থাকতে চান। ৭০ ভাগের বেশি মনে করে দেশেই তার ব্যক্তিগত উন্নতি হবে। প্রায় ৭০ ভাগ সামনের নির্বাচন নিয়ে আগ্রহ দেখিয়েছেন। হতাশার জায়গা আছে। তবে আশার জায়গাও আছে।

তার মতে, জরিপে যেসব হতাশার জায়গা উঠে এসেছে তা নিয়ে রাষ্ট্র ও প্রকৃত সৃশীলদের কাজ করতে হবে। তরুণদের দেশ প্রেমের কোনো ঘটতি নেই। সেটা আমাদের কাজে লাগতে হবে। আর শিক্ষাবিদ অধ্যাপক মোহাম্মদ কায়কোবাদ মনে করেন, বাংলাদেশ যেভাবে ঘনবসতিপূর্ণ একটি দেশ তাতে দেশের সার্বিক পরিস্থিতির উন্নতি হলেও তরুণদের দেশের বাইরে যাওয়ার প্রবণতা থাকবে। এটা বন্ধ হবে না। পৃথিবীর গড় জন ঘনত্বে ২৪ গুণ বেশি ঘনত্ব বাংলাদেশে। পাশের দেশেও এই প্রবণতা ব্যাপক। তবে তারা দেশের বাইরে গেলেও যেন দেশের জন্য কাজ করেন সেই দেশপ্রেমের শিক্ষা দিতে হবে। আমাদের শিক্ষা ব্যবস্থায় তা নেই, উন্নত দেশে তা আছে।

তিনি বলেন, মানুষের মধ্যে উন্নত জীবনের আকাঙ্ক্ষা আছে। তারা ভালো থাকতে চায়, ভালো পরিবেশ চায়। বাংলাদেশে এর অভাব আছে। এখন আবার রাজনৈতিক অস্থিরতা চলছে। ফলে বিদেশে যেতে চাওয়ার অনেক কারণও আছে। এটা সব সময় যে খারাপ তাও নয়। আবার এর মাধ্যমে মেধা পাচারও হয়। কিন্তু যেখানেই তারা থাকুক দেশের জন্য কাজ করলে তা দেশের ইতিবাচক।

**বাংলাদেশের উপকূল অধিবক্ষ কর্নেহ ঘূর্ণিঝড় ‘মিথিলি’**

**ঢাকা :** বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় ‘মিথিলি’ স্থানীয় সময় বেলা তিনটা নাগাদ বাংলাদেশের উপকূল অতিক্রম করেছে। আবহাওয়া অধিদপ্তর থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, ঘূর্ণিঝড়টি দুর্বল হয়ে বর্তমানে পটুয়াখালী ও আশেপাশের এলাকায় গভীর নিম্নচাপ আকারে অবস্থান করছে। এটি আরো উত্তর-পূর্ব দিকে অগ্রসর হয়ে এবং বৃষ্টি বরিষে ক্রমাগত দুর্বল হচ্ছে। তবে উপকূলীয় এলাকা সমুদ্র বন্দরগুলোতে ঝড়ো হাওয়া অব্যাহত রয়েছে। মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে সাত নম্বর বিপদ সংকেত নামিয়ে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলেছে আবহাওয়া অধিদপ্তর। অন্যদিকে চট্টগ্রাম ও কক্সবাজার সমুদ্রবন্দরকে ছয় নম্বর বিপদ সংকেত নামিয়ে তার পরিবর্তে তিন নম্বর স্থানীয় সংকেত দেখাতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলেছে আবহাওয়া অফিস। এর আগে আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে ঘূর্ণিঝড়টি দুপুরের পর থেকে উপকূল অতিক্রম করা শুরু করে। ঘূর্ণিঝড়ের প্রভাবে উপকূলীয় জেলা লক্ষ্মীপুর, ফেনী, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা এবং এসব এলাকার অদূরবর্তী দ্বীপ ও চরগুলোর নিম্নাঞ্চলে স্বাভাবিক জোয়ারের চেয়ে তিন থেকে পাঁচ ফুটের বেশি উচ্চতার বাতাসতাড়িত জলোচ্ছ্বাস প্লাবিত হতে পারে। এর প্রভাবে ঢাকা সহ সারা দেশে ভারী বৃষ্টিপাত অব্যাহত থাকতে পারে।



### আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সারাদেশে বিজিবি মোতায়েন

**ঢাকা :** আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সারাদেশে ২২৯ প্লাটুন বিজিবি মোতায়েন করেছে বাংলাদেশের সরকার। নির্দলীয় সরকারের অধীনে নির্বাচনের দাবিতে বিএনপির পঞ্চম দফায় দেশব্যাপী অবরোধ কর্মসূচীর মধ্যে এই সিদ্ধান্ত নেয়া হলো।

বৃহস্পতিবার (১৬ নভেম্বর) বিজিবি সদর দপ্তরের জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম দ্য ডেইলি স্টারকে বিজিবি মোতায়েনের বিষয়টি নিশ্চিত করেছেন। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে ঢাকা ও তার আশেপাশের জেলায় ৩২ প্লাটুন ও সারাদেশে ১৯৭ প্লাটুনসহ মোট ২২৯ প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে। বুধবার (১৫ নভেম্বর) সন্ধ্যায় জাতীয় নির্বাচনের তফসিল ঘোষণার পর দেশের বিভিন্ন জায়গায় গণপরিবহণে অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। টাঙ্গাইলে ঘারিদ্দা রেলস্টেশনে থেমে থাকা কমিউটার ট্রেনে আগুনে দুইটি বগি সম্পূর্ণ পুড়ে গেছে ও একটি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। টাঙ্গাইল জেলা পুলিশ সুপার সরকার মোহাম্মদ কায়ছার বলেন, “নাশকতার উদ্দেশ্যেই এই অগ্নিসংযোগ সংগঠিত হয়েছে। কারা ঘটিয়েছে এটা তদন্তের বিষয়। তদন্ত শেষে আমরা এ বিষয়ে বলতে পারবো।” স্টেশনে সিসি ক্যামেরা থাকলেও ট্রেনটির যে অংশে আগুন লেগেছে তা সিসি ক্যামেরার আওতার বাইরে থাকায় কীভাবে আগুন লেগেছে বা কেউ আগুন দিয়েছে কিনা সে বিষয়ে এখনও নিশ্চিত হওয়া যায়নি। টাঙ্গাইল ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সিনিয়র স্টেশন অফিসার ইদ্রিস আলী জানান “আগুন লেগেছে ঠিক আছে। তবে কী কারণে আগুন লেগেছে তা বলতে পারবো না।”



### ৮০০ টন কয়লা নিয়ে শ্রোংলায় আতঙ্কজ্বর

**ঢাকা :** মোংলা বন্দরের পশুর চ্যানেলে ৮০০ টন কয়লা বোঝাই একটি লাইটার জাহাজ ডুবে গেছে। শুক্রবার সকালে বাগেরহাটের কানননগর এলাকায় পশুর নদীতে এই দুর্ঘটনাটি ঘটে। জাহাজে থাকা ১২ নাবিক সাতঁরে তীরে পৌঁছেছেন। বাংলাদেশ লাইটার জাহাজ শ্রমিক সংগঠনের সহসভাপতি মাইনুল হোসেন মিস্ট্রি বলেন, “৮০০ টন কয়লা নিয়ে জাহাজটি যশোরের নওয়াপাড়ার উদ্দেশ্যে যাচ্ছিল।” পশুর নদীতে একটি ডুবো চরে ধাক্কা খেয়ে জাহাজটির তলা ফেটে যাওয়ার কারণেই এই দুর্ঘটনা ঘটেছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। লাইটার জাহাজটি হারবাড়িয়া এলাকায় থাকা একটি বিদেশি বাণিজ্যিক জাহাজ থেকে পণ্য নিয়ে যাচ্ছিল।









# নারায়ণ আইটিআই ইনস্টিটিউট লুপুংডিহ তে লালা লাজপত রায়ের মৃত্যুবার্ষিকীর আয়োজন

**অনিশা গোরাই**  
**জামশেদপুর** : নারায়ণ আইটিআই ইনস্টিটিউট লুপুংডিহে লালা লাজপত রায়ের মৃত্যুবার্ষিকীর আয়োজন করা হয়। এ উপলক্ষে শিক্ষক, অশিক্ষক কর্মচারী ও শিক্ষার্থীরা তার ছবিতে শ্রদ্ধা জানান। এই অনুষ্ঠানে, ইনস্টিটিউটের প্রতিষ্ঠাতা, উস্তর জটাশঙ্কর পাণ্ডে বলেন যে লালা লাজপত রায় একজন ভারতীয় বিপ্লবী, রাজনীতিবিদ এবং লেখক ছিলেন, যা সাধারণত লালা লাজপত রায় নামে পরিচিত। তিনি পাঞ্জাব কেশরী এবং ‘পাঞ্জাব দা শের’ নামেও পরিচিত ছিলেন, যার আক্ষরিক অর্থ ‘পাঞ্জাবের সিংহ’। তিনি ছিলেন লাল বাল পাল ত্রয়ী তিন সদস্যের একজন। অল ব্রিটিশ সাইমন কমিশনের ভারতীয় সাংবিধানিক সংস্কারের বিরুদ্ধে শান্তিপূর্ণ প্রতিবাদ



মহিলের নেতৃত্ব দেওয়ার পরে লাহোরে পুলিশের লাঠিচার্জের সময় মারা যান। এই অনুষ্ঠানে প্রধানত উপস্থিত ছিলেন অ্যাডভোকেট নিখিল মাখায়া গুরুতর আঘাতের কারণে তিনি

মাহাতো, দেব কৃষ্ণ মাহাতো, পবন কুমার, অজয় মণ্ডল, গৌরব মাহাতো প্রমুখ।

## ২০২৪ সালের ৫ ফেব্রুয়ারি থেকে অসম বিধানসভার বাজেট অধিবেশন শুরু করার সিদ্ধান্ত কেবিনেটের

**৭ই বছর পুরানো প্রতিটি শ্রীকৃষ্ণের রাস মসিতিতে আর্থিক সাহায্য প্রদানের ক্ষেত্রে মন্ত্রিসভার**

**সব্যসাচী শর্মা**  
**গুয়াহাটি** : আসম ২০২৪ সালে লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হতে চলেছে। কিন্তু নির্বাচনের আগেই রাজ্যের বাজেট অধিবেশন অনুষ্ঠিত করার ক্ষেত্রে আগ্রহী হয়ে উঠেছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। ফলে মন্ত্রিসভার বৈঠকে আগামী বছরের ৫ ফেব্রুয়ারি থেকে ২০২৪-২৫ আর্থিক সালের অসম বিধানসভার বাজেট অধিবেশন শুরু করার ক্ষেত্রে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাছাড়া তিন বছর পুরানো প্রতিটি শ্রীকৃষ্ণের রাস সমিতিতে আর্থিক সাহায্য প্রদানের ক্ষেত্রে কেবিনেট বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রসঙ্গত গুয়াহাটি মহানগরের জনতা ভবন অসম সচিবালয়ের নবনির্মিত মুখ্যমন্ত্রীর কার্যালয় লোকসেবা ভবনে বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মার নেতৃত্বে মন্ত্রিসভার বৈঠক

অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকে বিভিন্ন ক্ষেত্রে নানা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কেবিনেট বৈঠকের পর মিডিয়া হলে এক সাংবাদিক সম্মেলন আয়োজন করে কেবিনেট বৈঠকে নেওয়া সিদ্ধান্তগুলো জনসমক্ষে প্রকাশ করেছেন মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া। তিনি জানান মন্ত্রিসভার বৈঠকে মিশন বসুন্ধরা ২.০ প্রকল্পের অধীনে রাজ্যের ৯ জেলার ৩৫৭৬ টি জমিহীন ভূমিপুত্র পরিবারকে জমি প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মূলত কামরূপ মহানগর, মরিগাঁও, কামরূপ, গোয়ালপাড়া, লক্ষিমপুর, শোণিতপুর, দরং,তিনসুকিয়া এবং ধেমাজি জেলার মোট ৩৫৭৬ টি জমিহীন পরিবার এক্ষেত্রে উপকৃত হবে।

মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া বলেন অসম সরকার রাজ্যে মৈতৈ সম্প্রদায়কে একটি পৃথক উপজাতির মান্যতা দেবার জন্য ভারত সরকারের উপজাতি পরিক্রমা মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করেছে। অর্থাৎ বর্মান

৭ নম্বর তালিকায় অনুযায়ী যেকোনো কুকি উপজাতির অধীনে থাকা মৈতৈ সম্প্রদায়কে সেই তালিকা থেকে পৃথক করে একটি পৃথক উপজাতির মান্যতা দেবার কথা এক্ষেত্রে বলা হয়েছে। মূলত কার্ণি আংলং এবং উত্তর কাছার পাণ্ডত্য স্বশাসিত পরিষদের ক্ষেত্রে এই ব্যবস্থা থাকবে বলে উল্লেখ করেছেন তিনি। মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া বলেন এদিনের মন্ত্রিসভার বৈঠকে খাসি জয়ন্তিয়া উন্নয়ন পরিষদ গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পুরসভায় নমিনেটেড মেম্বারদের জন্য ওয়ার্ড কমিশনারদের সমপর্যায়ে পারিশ্রমিক দেওয়ার ক্ষেত্রে কেবিনেট সিদ্ধান্ত নিয়েছে বলে উল্লেখ করেন মন্ত্রী।

তিনি জানান আলী আয়ে লিগাং উপজাতি জনগোষ্ঠীর জন্য রাজ্যের দশটি জেলায় সরকারি বন্ধ ঘোষণা করা হয়েছে। ধেমাজি, উত্তর লক্ষিমপুর, শোণিতপুর, বিশ্বনাথ, গোলাঘাট, শিবসাগর, যোরাহাট, ডিব্রুগড়,

তিনসুকিয়া এবং মাজুলী জেলায় এই বন্ধ প্রযোজ্য হবে। প্রতি মাসের এক থেকে দশ তারিখ পর্যন্ত অন্ন সেবা সপ্তাহ পালনের ক্ষেত্রে চাল তেল রাখতে মননিবেশ করার ক্ষেত্রে মন্ত্রিসভা সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সময় মত রেশন দোকানে যাতে খাদ্য সামগ্রী সরবরাহ করা হয় সেক্ষেত্রে নজর রাখা হবে। তাছাড়া এফসিআই থেকে প্রতি মাসের ২০ তারিখ থেকে মাসের শেষ দিন পর্যন্ত খাদ্য সামগ্রী নিয়ে রেশন দোকানে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রিসভা। এদিকে ইলেকট্রিক ডেহিকেলের রেজিস্ট্রেশন করা দুই শতাংশ কমিয়ে নেওয়া হয়েছে। ফলে এবার দশ টাকা থেকে ২০ লক্ষ টাকা দামের বৈদ্যুতিক বাহনের রেজিস্ট্রেশন মূল্য ১০ শতাংশের পরিবর্তে ৮ শতাংশ পর্যন্ত কমিয়ে দেওয়ার ক্ষেত্রে কেবিনেট সিদ্ধান্ত নিয়েছে বলে জানান মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া।

অন্যদিকে কেবিনেট বৈঠকের

পর সাংবাদিক সম্মেলনে উপস্থিত থেকে মন্ত্রী বিমল বরা বলেন রাজ্যের জাতীয় উৎসব বিহু উদযাপন কমিটি এবং এরপর দুর্গাপূজা আয়োজন করা কমিটি গুলোকে সরকার আর্থিক সাহায্য প্রদান করেছে। ঠিক একই ভাবে এবার তিন বছর পুরানো প্রতিটি শ্রীকৃষ্ণের রাস সমিতিতে আর্থিক সাহায্য প্রদানের ক্ষেত্রে মন্ত্রিসভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি জানান সরকারি তথ্য অনুযায়ী তিন বছর পুরানো শ্রীকৃষ্ণের রাস মহোৎসব উদযাপন করা রাজ্যে মোট ১৯০০ টি সমিতি রয়েছে। এবার এই ১৯০০ টি রাস উদযাপন সমিতিতে ২৫ হাজার টাকা করে আর্থিক সাহায্য প্রদান করতে চলেছে সরকার। এক বছর কিংবা দুই বছর পুরানো রাজ্যে বহু রাস উদযাপন সমিতি রয়েছে। কিন্তু আপাতত সরকার শুধুমাত্র তিন বছর পুরানো সমিতি গুলোকে আর্থিক সাহায্য দেবে এক্ষেত্রে কেবিনেটে সিদ্ধান্ত নেওয়া হয় বলে মন্তব্য করেছেন মন্ত্রী বিমল বরা।

## সেবা এবং কাউন্সিলকে একত্রিত করে অসম স্টেট স্কুল এডুকেশন বোর্ড শুরু করার সিদ্ধান্ত কেবিনেটের

**স্নাতক এবং স্নাতকোত্তর শিক্ষক নিযুক্তি প্রক্রিয়াকে শৃঙ্খলাবদ্ধ করার সিদ্ধান্ত**

**সব্যসাচী শর্মা**  
**গুয়াহাটি** : মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা এবং শিক্ষা মন্ত্রী ডঃ রণোজ পেগুর তৎপরতায় রাজ্যের শিক্ষা ব্যবস্থা এক নতুন গতিতে ধাবমান হচ্ছে। বিশেষ করে নতুন শিক্ষানীতি আইন দেশের প্রযোজ্য হওয়ার পর থেকে রাজ্যের শিক্ষার পরিবেশ বদলে দিয়ে সেটাকে এক নতুন রূপ দেওয়ার ক্ষেত্রে সরকারের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এরই অংশ হিসেবে মাধ্যমিক পরীক্ষার আয়োজনের দায়িত্ব থাকা সেবা এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত কাউন্সিল ভঙ্গ করে দিয়ে দুটোকে একত্রিত করে এক নতুন শিক্ষা সংস্থার জন্ম দেওয়া হয়েছে। অসম স্টেট স্কুল এডুকেশন বোর্ড নামে নতুন এই শিক্ষা সংস্থা দশম শ্রেণী থেকে শুরু করে দ্বাদশ শ্রেণী পর্যন্ত প্রতিটি পরীক্ষা আয়োজনের দায়িত্ব থাকবে। তাছাড়া তিন বছর পুরানো প্রতিটি শ্রীকৃষ্ণের রাস সমিতিতে আর্থিক সাহায্য প্রদানের ক্ষেত্রে কেবিনেট বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

মহানগরের জনতা ভবন অসম সচিবালের মুখ্যমন্ত্রীর কার্যালয় লোকসেবা ভবনে বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মার নেতৃত্বে গুরুত্বপূর্ণ মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকে বিভিন্ন ক্ষেত্রে নানা সিদ্ধান্ত নেওয়া হয়। এরপর মিডিয়া হলে এক সাংবাদিক বৈঠক আয়োজন করে কেবিনেট বৈঠকে নেওয়া সিদ্ধান্তগুলো জনসমক্ষে প্রকাশ করেছেন মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া। তিনি বলেন রাজ্যে নতুন শিক্ষানীতি প্রযোজ্য হওয়ার পর

থেকে মাধ্যমিক পরীক্ষার গুরুত্ব কমে গেছে। বর্তমান মাধ্যমিক পরীক্ষাকে শুধুমাত্র একটি সাধারণ শ্রেণীর পরীক্ষা হিসেবে গণ্য করা হচ্ছে। ফলে পৃথকভাবে মাধ্যমিক পরীক্ষা আয়োজনের জন্য বর্তমান থাকা বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন অর্থাৎ সেবা ভঙ্গ করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাছাড়া শুধুমাত্র একাদশ এবং দ্বাদশ পরীক্ষা অনুষ্ঠিত করার দায়িত্ব থাকা আসাম হাজার হাজার সেকেন্ডারি এডুকেশন কাউন্সিলকে তুলে দিয়ে দুটি শিক্ষা সংস্থাকে একত্রিত করে অসম স্টেট স্কুল এডুকেশন বোর্ড ঘটানায় সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রিসভা।

তিনি জানান মূলত দ্বাদশ পর্যন্ত প্রতিটি বিদ্যালয় শ্রেণীর জন্য এই নবগঠিত বোর্ড দায়িত্ব পালন করবে। অসম স্টেট স্কুল এডুকেশন বোর্ডে একজন চেয়ারম্যানের এবং দুইজন ভাইস চেয়ারম্যান থাকবেন। এরমধ্যে দশম শ্রেণী পর্যন্ত শ্রেণীর ক্ষেত্রে দায়িত্ব থাকবেন একজন ভাইস চেয়ারম্যান এবং একাংশ তথা দ্বাদশ শ্রেণীর জন্য অন্য একজন ভাইস চেয়ারম্যানের হাতে দায়িত্ব থাকবে বলে উল্লেখ করেছেন তিনি। মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া বলেন এদিন আয়োজিত মন্ত্রিসভার বৈঠকে সেবা এবং কাউন্সিলকে একত্রিত করার ক্ষেত্রে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে এই বিষয়ে নীতিনিয়ম আইন তথা এন্ট পরবর্তীকালে প্রস্তুত করা হবে বলে উল্লেখ করেছেন তিনি।

মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া বলেন মন্ত্রিসভার বৈঠকে স্নাতক এবং স্নাতকোত্তর শিক্ষক নিযুক্তি প্রক্রিয়াকে শৃঙ্খলাবদ্ধ করার ক্ষেত্রে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অর্থাৎ আসাম সেকেন্ডারি এডুকেশন সার্ভিস রুল ২০২৩ (সরকারি

বিদ্যালয়) এবং আসাম সেকেন্ডারি এডুকেশন সার্ভিস রুল ২০২৩ (প্রাদেশিককৃত) ভোকেশনাল বিষয়ে সাবজেক্ট টিচার সহ স্নাতক এবং স্নাতকোত্তর শিক্ষকদের নিয়োগে প্রক্রিয়াকে শৃঙ্খলাবদ্ধ করা হবে। এক্ষেত্রে ছাত্রছাত্রীদের শিক্ষার ক্ষেত্রে সব ধরনের সহযোগিতা এবং সাহায্যের জন্য সরকারি এবং প্রাদেশিককৃত বিদ্যালয়ে শিক্ষক এবং ছাত্র ছাত্রীর সংখ্যার অনুপাত রক্ষা করা হবে বলে উল্লেখ করেছেন মন্ত্রী।

তিনি বলেন উন্নত মানদণ্ডের শিক্ষা প্রদানের ক্ষেত্রে বেশ কিছু নিয়ম পরিবর্তন করা হবে। মূলত আসাম এলিমেন্টারি এডুকেশন (প্রাদেশিককৃত) রুল ২০২৩ সংশোধন করে প্রাথমিক পর্যায়ে সরকারি এবং প্রাদেশিককৃত বিদ্যালয়ে শিক্ষকদের শিক্ষাদানের মানদণ্ড উন্নত করার ক্ষেত্রে মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর অধীনে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষক পদের ক্ষেত্রে প্রাথীর ৫ শতাংশ নম্বর তার উচ্চতা মাধ্যমিক তথা সমপর্যায়ে পরীক্ষায় পাওয়া নম্বর থেকে যোগ করা হবে। তাছাড়া ৫ নম্বর আসবে ডিএলএড এবং বিএলএড পরীক্ষার ডিপ্লোমা থেকে। একইভাবে ৮-৫ নাম্বার রাজ্যের এটেট কিংবা কেন্দ্রের সিটেট থেকে যোগ করা হবে। বাকি থাকা ৫ শতাংশ নম্বর এনসিসি সি সার্টিফিকেট থেকে ৫ নম্বর এবং বি সার্টিফিকেট থেকে ৩ নম্বর এক্ষেত্রে যোগ হবে বলে জানান তিনি। মন্ত্রী বলেন এনসিসি সার্টিফিকেটের পরিবর্তে কোনো প্রাথীর স্বনামধন্য ক্রীড়ায় কিংবা জাতীয় পর্যায়ে রাজ্যকে প্রতিনিধিত্ব করা সার্টিফিকেট থাকতে হবে। অথবা সেই প্রাথীর কলা তথা সংস্কৃতির ক্ষেত্রে জাতীয় পর্যায়ে অসমকে প্রতিনিধিত্ব করা সার্টিফিকেট থাকলে হবে।

মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া জানান ষষ্ঠ শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত উচ্চ মাধ্যমিক শিক্ষক পদের ক্ষেত্রে প্রাথীর ৫ শতাংশ নম্বর তার উচ্চতা মাধ্যমিক তথা সমপর্যায়ে পরীক্ষায় পাওয়া নম্বর থেকে যোগ করা হবে। তাছাড়া ৫ শতাংশ নম্বর আসবে তাছাড়া স্নাতক পরীক্ষায় মেজর সাবজেক্টে পাওয়া নম্বরের উপর। একইভাবে ৫ নম্বর আসবে ডিএলএড এবং বিএলএড পরীক্ষার ডিপ্লোমা কিংবা স্পেশালএডুকেশন বিষয়ে ডিপ্লোমা কিংবা বিএড ডিগ্রি থেকে। অন্যদিকে ৮-০ নম্বর আপার প্রাইমারি রাজ্যের এটেট কিংবা আপার প্রাইমারি কেন্দ্রের সিটেট থেকে যোগ করা হবে। এদিকে বাকি থাকা ৫ শতাংশ নম্বর এনসিসি সি সার্টিফিকেট থেকে ৫ নম্বর এবং বি সার্টিফিকেট থেকে ৩ নম্বর এক্ষেত্রে যোগ হবে বলে জানান তিনি। মন্ত্রী বলেন এনসিসি সার্টিফিকেটের পরিবর্তে কোনো প্রাথীর স্বনামধন্য ক্রীড়ায় কিংবা জাতীয় পর্যায়ে রাজ্যকে প্রতিনিধিত্ব করা সার্টিফিকেট থাকতে হবে। অথবা সেই প্রাথীর কলা তথা সংস্কৃতির ক্ষেত্রে জাতীয় পর্যায়ে অসমকে প্রতিনিধিত্ব করা সার্টিফিকেট থাকলে হবে বলে উল্লেখ করেছেন মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া।

## টুকরো খবর

**আজমল সংক্রান্ত মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মার মন্তব্যের পূর্ণ সমর্থন বিরোধী দলপতি দেবব্রত শইকীয়ার**

**রাজ্যের বিভিন্ন ক্ষেত্রে দুর্নীতি নিউন কর্তৃ থাকা আয়োজনের উপর তদন্ত করার ক্ষেত্রে মুখ্যমন্ত্রীকে সহযোগিতার আশ্বাস**

**গুয়াহাটি (সব্যসাচী শর্মা)** : আজমল শুধুমাত্র ব্যক্তি বিশেষের নাম নয়। বরং লাভ জিহাদ করা, গরু চুরি করা, জমি জিহাদ করা, শাকসবজিতে সার জিহাদ করা প্রতিজন ব্যক্তিকে আজমল বুঝিয়ে তাদের গত আড়াই বছর ধরে সম্পূর্ণ নিয়ন্ত্রণে রেখেছেন বলে মন্তব্য করেছিলেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। তবে এবার আজমল সংক্রান্ত মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মার মন্তব্যের পূর্ণ সমর্থন জানিয়েছেন বিরোধী দলপতি দেবব্রত শইকীয়া। তিনি বলেন রাজ্যের বিভিন্ন ক্ষেত্রে দুর্নীতি লুপ্তন করে থাকা আজমলদের উপর তদন্ত করার ক্ষেত্রে মুখ্যমন্ত্রীকে সহযোগিতা করা হবে। প্রসঙ্গত আব্দুল খালেককে সঙ্গে জড়িয়ে আজমল সংক্রান্তে বিশেষ করে আজমলকে প্রতীক হিসেবে ধরে রাজ্যের অসংখ্য আজমল বর্তমান নিয়ন্ত্রণে রয়েছেন বলে মন্তব্য করেছিলেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। তাছাড়া তার মতন একজন দম থাকা মুখ্যমন্ত্রী থাকার জন্য গত আড়াই বছর ধরে এই আজমলরা রাজ্যে শান্ত হয়ে রয়েছেন বলে উল্লেখ করেছিলেন তিনি। তাছাড়া মুখ্যমন্ত্রী বলেছেন আগামী ১০০ বছর অসমীয়া জাতিকে এই আজমলদের সঙ্গে লড়াই করে নিজেদের অস্তিত্ব রক্ষা করতে হবে। তার মন্তব্য ঘিরে ইতিমধ্যে রাজ্যের রাজনৈতিক মহলে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। এআইইউডিএফ এর একাধিক বিধায়ক মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মার মন্তব্যের সমালোচনা করেছেন। তবে বিরোধী দলপতি দেবব্রত শইকীয়া এক্ষেত্রে মুখ্যমন্ত্রীকে পূর্ণ সমর্থন জানিয়েছেন। সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ে বিরোধী দলপতি বলেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা আজমলদের সংক্রান্তে যা বলেছেন সেটাতে তিনি খুশি। উজান অসমের গরু চোর দেরও তিনি আজমল বলতে চান, উজান অসমের কয়লা চোর দেরও তিনি আজমল বলতে চান, বালি চোর দেরও, কাঠ চোর দের আজমল বলতে চান। যারা মেয়েদের চুরি করে, কম বয়সী মেয়েদের বিয়ে করে তাদেরও তিনি আজমল বলতে চান। মুখ্যমন্ত্রী যেহেতু সামগ্রিকভাবে সারা রাজ্যের কথা বলেছেন ফলে তিনি উজান অসমকেও অন্তর্ভুক্ত করেছেন। ফলে এবার তিনি ধর্মের উর্ধ্বে উঠে তাদের উপর ব্যবস্থা নেবেন এটাই প্রত্যেকে চাইছেন। দেবব্রত শইকীয়া বলেন আমসং বনাঞ্চল ধ্বংসকারীদেরও আজমল বলতে হবে। একইভাবে এপিএসসি কেলেকারিতে জড়িত ব্যক্তিরাও আজমল। বাপক দুর্নীতিতে লিপ্ত তুলিরাম রংহাং ও একজন আজমল। ফলে এই প্রত্যেক আজমলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে কংগ্রেস মুখ্যমন্ত্রীর সহযোগিতা করবে বলে মন্তব্য করেছেন বিরোধী দলপতি দেবব্রত শইকীয়া।



**একদিনের মধ্যে নলবাড়ি ত্যাগ করার জন্য নকশাল মনোবৃত্তি ছড়ানো বামপন্থীদের প্রতি হুমকি মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়ার**

**বামপন্থীদের ছাত্রছাত্রীরা গড়ে ওঠা বিদ্যালয় গুলোতে বিপিএল ছাত্রছাত্রীদের জন্য ২৫ শতাংশ আসন সংরক্ষণ না করলে তাদের জেলে পুড়ে দেওয়া হবে বলে সতর্কবার্তা**

**গুয়াহাটি (সব্যসাচী শর্মা)** : মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা আজমলকে ব্যক্তি বলে না ধরে রাজ্যের অসংখ্য আজমলের প্রতীক হিসেবে উল্লেখ করে কঠোর ভাষায় সমালোচনা করেছেন। এবার নকশাল মনোবৃত্তি ছড়ানো বামপন্থীদের ক্ষেত্রে সরব হয়ে উঠেছেন মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া। তিনি জেলাশাসক এবং পুলিশ সুপারের উপস্থিতিতে একদিনের মধ্যে নলবাড়ি ত্যাগ করার জন্য নকশাল মনোবৃত্তি ছড়ানো বামপন্থীদের প্রতি হুমকি দিয়েছেন। তাছাড়া নলবাড়ির ব্যক্তিগত বিদ্যালয়ে বিপিএল ছাত্রছাত্রীদের জন্য ২৫ শতাংশ আসন সংরক্ষণ না করলে তাদের জেলে পুড়ে দেওয়া হবে বলে সতর্কবার্তা শুনিয়েছেন তিনি। প্রসঙ্গত গত কয়েকদিন ধরে নলবাড়ি জেলায় এসিইউসিআই সহ একাধিক বামপন্থী সংগঠনের তৎপরতা বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে সামাজিক মাধ্যমে নানা বিষয়ের উপরে এই বামপন্থী সংগঠনগুলো সক্রিয় হয়ে উঠেছে। অবশেষে এই বিষয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করে বামপন্থীদের বিরুদ্ধে রণচর্চা রূপ নিয়েছেন মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া। বৃহস্পতিবার নলবাড়িতে আয়োজিত সভায় জেলাটিতে তৎপর হয়ে ওঠা বামপন্থী সংগঠনগুলোর বিরুদ্ধে আক্রমাত্মক হয়ে উঠেছেন তিনি। তাৎপর্যপূর্ণ ভাবে এই সভায় নলবাড়ি জেলার জেলাশাসক এবং পুলিশ সুপার সহ শীর্ষ স্তরের সরকারি অফিসার এবং বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। তবে বামপন্থীদের বিরুদ্ধে কড়া মন্তব্যের ক্ষেত্রে উপস্থিত সাধারণ জনতার ব্যাপক সমর্থন পেয়েছেন তিনি। মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া বলেন নলবাড়ির একাংশ ব্যক্তি নানা বিষয় নিয়ে একটি ভিন্ন পরিবেশ সৃষ্টি করার প্রয়াস করে চলেছেন। একাংশ ব্যক্তি বামপন্থার নামে নকশাল রাজ শুরু করেছেন। তিনি বলেন এতদিন যেটা করেছে সেটা হয়ে গেছে। কিন্তু এখন থেকে নলবাড়ির সাধারণ জনতাকে বিপথে পরিচালিত করলে ফলাফল ভয়াবহ হবে। এক্ষেত্রে তিনি কঠোর স্থিতি গ্রহণ করবেন। মন্ত্রী বলেন জেলাটির পরিবেশ বিনষ্ট করার কাজ যাতে করা না হয়। মন্ত্রী বলেন জেলাশাসক মহোদয়া এবং পুলিশ সুপারের সামনেই এটা তিনি বলতে বাধ্য হচ্ছেন যে একাংশ বাইরে থেকে আসা ব্যক্তি নলবাড়ি জেলায় বামপন্থার নামে নকশাল রাজ শুরু করার প্রয়াস করছেন। এক্ষেত্রে তাদের চূড়ান্ত হুমকি দিয়ে তিনি বলেন আগামীকালের ভিতরে নলবাড়ি ছেড়ে না গেলে প্রত্যেককে গ্রেফতার করা হবে। এক্ষেত্রে বামপন্থী প্রতিজন যুবককে সতর্ক করে দিয়ে বামপন্থার নামে নকশালিজম নলবাড়িতে চলবে না বলে স্পষ্ট করে দিয়েছেন মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া। অন্যদিকে বামপন্থীদের ছত্রছায়ায় গড়ে ওঠা বিদ্যালয় গুলোতে বিপিএল ছাত্রছাত্রীদের জন্য ২৫ শতাংশ আসন সংরক্ষণ না করলে তাদের জেলে পুড়ে দেওয়া হবে বলে কড়া সতর্কবার্তা দিয়েছেন তিনি। মন্ত্রী বলেন এই ব্যক্তিগত বিদ্যালয় গুলোতে বিপিএল ছাত্রছাত্রীদের জন্য ২৫ শতাংশ আসন বিনামূল্যে দিতে হবে। এর কোনো বিকল্প নেই। গরিব ছাত্রছাত্রীদের এই সুযোগ না দিলে এই বিদ্যালয় গুলোর সঙ্গে জড়িত প্রত্যেক ব্যক্তিকে গ্রেফতার করে জেলে পুড়ে দেওয়া হবে বলে কঠোর ভাষায় হুমকি দিয়েছেন মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া। এক্ষেত্রে তিনি স্বয়ং তাদের জেলে ভরে দেবেন। ফলে সেই বিদ্যালয়গুলোতে নিজেদের সন্তানদের পড়াতে আগ্রহী ব্যক্তিদের আগামীকাল আবেদন জানানোর আহ্বান করেছেন তিনি।





## ‘ভারতকে কেউ হারালে, সেটা অস্ট্রেলিয়ারই পারবে’ ফাইনাল নিয়ে কেবল আলোচনা



**মুম্বাই :** ক্রিকেট বিশ্বকাপ ২০২৩ এর সেরা দুটি দল হিসেবে ভারত ও অস্ট্রেলিয়া ফাইনালে জায়গা করে নিয়েছে। দুটি দলই গোটা টুর্নামেন্টজুড়ে দুর্দান্ত ক্রিকেটীয় নৈপুণ্য ও মানসিক শক্তির প্রদর্শনী দেখিয়েছে। তাই আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে অস্ট্রেলিয়া ও ভারতের ম্যাচ নিয়ে আশাবাদী ক্রিকেট অনুরাগীদের অনেকেই। অনেকে মনে করছেন এটাই বিশ্বকাপের সবচেয়ে ভালো ফাইনাল লাইনআপ। কারণ ভারতের এই দলটাকে যদি কেউ চ্যালেঞ্জ জানাতে পারে তবে সেটা অস্ট্রেলিয়াই হতে চলেছে। ইংল্যান্ডের সাবেক অধিনায়ক মাইকেল ভন এমনটাই মনে করছেন। তার মতে দারুণ একটা ফাইনাল অপেক্ষা করছে ক্রিকেট ভক্তদের জন্য। ভারতে চলমান ক্রিকেট বিশ্বকাপটি ওয়ানডে ফরম্যাটের ১৩তম বিশ্ব আসর, এর মধ্যে অস্ট্রেলিয়া আটবার ফাইনালে উঠেছে, পাঁচবার শিরোপা জিতেছে। ক্রিকেটে অস্ট্রেলিয়ার মতো সফল ও তুখোড় দল আর দ্বিতীয়টি নেই। ভারত এবার একটা নিখুঁত দল নিয়ে বিশ্বকাপ খেলতে এসেছে। ভারতের সাবেক কোচ জন রাইট সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সএ (সাবেক টুইটার) লিখেছেন, ভারতের শীর্ষ ব্যাটার সবার গড় ৫০ এর ওপরে, বোলাররা গড়ে ১৭টি করে উইকেট পেয়েছেন এই বিশ্বকাপে। দলটার দুর্লভতা আসলে কোথায়? রোহিত শর্মার অধিনায়কত্ব ও রাহুল দ্রাবিড়ের কোচিংয়ের অধীনে থাকা এই ভারতীয় ক্রিকেট দলের কোনও ফাঁকই খুঁজে পাওয়া যায়নি এখনও পর্যন্ত। বিশ্বকাপে মাঠে নামার পর থেকে ফাইনাল পর্যন্ত খেলা দশটি ম্যাচের দশটিতেই নিরাপদ একটা ব্যবধানে ম্যাচ জিতেছে ভারত। তবে হ্যাঁ, অস্ট্রেলিয়ার বিপক্ষে গ্রুপ পর্বের ম্যাচের শুরুতে, নিউজিল্যান্ডের বিপক্ষে রান তাড়া করার সময়ে এবং সেমিফাইনালে আবারও নিউজিল্যান্ডের ব্যাটিংয়ের সময় মনে হয়েছে যে ভারত হারতেও পারে কিন্তু শেষ পর্যন্ত হারেনি। ব্যাটিংয়ে রোহিত শর্মা উভুন্ত শুরু এনে দেন, কোহলি ধরে খেলেন, শ্রেয়াস আইয়ার ও লোকেশ রাহুল নিজেদের কাজটা যথাযথভাবে করেন। আর বোলারদের মধ্যে জসপ্রিত বুমরাহ উইকেট না পেলে সিরাজ পাচ্ছেন, সিরাজবুমরাহ দুজনই উইকেট পেতে ব্যর্থ হলে শামি পাচ্ছেন। নতুবা রান্ডিপ্র জাদেজা ও কুলদীপ ইয়াদাব মাঠে ব্যাটারদের স্পিনে কাবু করছেন। অর্থাৎ একটা দলে কোনও ক্রিকেটারই অফ ফর্মে নেই। তবে এতো কিছুর মধ্যেও অস্ট্রেলিয়ার ফাস্ট বোলার জশ হাজলউড বলেছেন ভারতের কিছু ঘাটতি অস্ট্রেলিয়ার জানা আছে। হাজলউডের কথা একেবারে ফেলে দেয়ার মতো নয়, চলতি বিশ্বকাপেই লিগ পর্বের ম্যাচে ২ রানে ভারতের ৩ উইকেট ফেলে দিয়েছিলেন অস্ট্রেলিয়ার ফাস্ট বোলাররা। লোকেশ রাহুলের ৯৭ ও ভিরাট কোহলির ৮৫ রানের ইনিংস ভারতকে সেদিন ম্যাচ জিতিয়েছিল। হাজলউড বলেছেন, যা বা দরকার সবই আছে ভারতের। ভালো পেস বোলার, ভালো স্পিনার, ভালো ব্যাটার। সব জায়গায়ই ভারতের টিক চিহ্ন দেয়া রয়েছে। ক্রিকেট অস্ট্রেলিয়ার ওয়েবসাইটে ফাইনালের উইকেট নিয়ে রহস্যের কথা বলা হয়েছে, যে টিক কী ধরনের উইকেট হবে তারা নিশ্চিত না। যেমন অস্ট্রেলিয়া বনাম দক্ষিণ আফ্রিকা ম্যাচে ফাস্ট বোলাররা শুরুতে সুবিধা পেয়েছেন পরে স্পিনাররা। হাজলউডের মতে এটা গুরুত্বপূর্ণ, বিশেষত নকআউট ম্যাচগুলোতে প্রথম আঘাতটা করতে পারা, প্রতিপক্ষকে একটু ধাক্কা দিতে পারা যেটা তারা দক্ষিণ আফ্রিকার বিপক্ষে করেছে। দক্ষিণ আফ্রিকা ২৪ রানের মাথায় চার উইকেট হারিয়ে ম্যাচের শুরুতেই কোণঠাসা হয়ে গিয়েছিল। এই একই পরিকল্পনা অস্ট্রেলিয়া ফাইনালের জন্যও করবে বলছেন হাজলউড, যদি আমরা আগে বোলিং করি তাহলে চেষ্টা থাকবে শুরুতেই আঘাত করার। অস্ট্রেলিয়ার জন্য এবারের বিশ্বকাপের ফাইনালে ওঠাটা সহজ ছিল না, ভারত ও দক্ষিণ আফ্রিকার বিপক্ষে হার দিয়ে শুরু করেছিল তারা। এরপর টানা সাত ম্যাচ জিতে নক আউট পর্বে খেলা নিশ্চিত করেছে প্যাট কামিন্গের দল। এবারের অস্ট্রেলিয়া স্কোয়াড নিয়ে তুমুল সমালোচনা হয়েছিল, অ্যাডাম জাম্পা ছাড়া কোনও স্পেশালিস্ট স্পিনার ছিল না। তবে দ্বিতীয় স্পিনারের কাজটা ভালোভাবেই করেছেন গ্লেন ম্যাক্সওয়েল। দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ট্রাভিস হেডও দুটি উইকেট নিয়ে ম্যাচের গতিপথ অস্ট্রেলিয়ার দিকে নিয়ে গেছেন। দক্ষিণ আফ্রিকা ক্রিকেট দলের সদস্যরা ম্যাচ শেষে বলেছেন, আমরা অস্ট্রেলিয়ার ব্রিলিয়ান্ট ক্রিকেটের কাছে হেরেছি। চাপের মুখে নয়। চাপের মুখে হারের কারণে দক্ষিণ আফ্রিকার নামই হয়ে গেছে ‘চোকার্স’। এবারের বিশ্বকাপের আগে দক্ষিণ আফ্রিকার দলটা নিয়ে তেমন বড় কোনও প্রত্যাশা বিশ্লেষকরা করেননি। দক্ষিণ আফ্রিকা সেমিফাইনালে উঠেছে এবং পঞ্চমবারের মতো ফাইনালে উঠতে ব্যর্থ হয়েছে। ম্যাচ শেষে অস্ট্রেলিয়ার মিচেল স্টার্ক বলেছেন, এবার পাওয়ারপ্লেতে আমরা তেমন ভালো বল করতে পারিনি। তবে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে আমরা সেটা নিয়ে কাজ করেছি। ১৯৯৯ ক্রিকেট বিশ্বকাপের সেমিফাইনালে অস্ট্রেলিয়ার বিপক্ষে ২১৪ রানের টার্গেট ব্যাট করতে নেমে ২১৩ রানে ম্যাচ টাই করে সেমিফাইনালে উঠতে ব্যর্থ হয়েছিল দক্ষিণ আফ্রিকা। ২০০৭ ও ২০১৫ ক্রিকেট বিশ্বকাপেও দক্ষিণ আফ্রিকা সেমিফাইনাল বাধা টপকাতে পারেনি। স্বাভাবিকভাবেই দক্ষিণ আফ্রিকার কোচ রব ওয়ালটারকে প্রশ্ন করা হয় দক্ষিণ আফ্রিকা চাপে ভেঙ্গে পড়েছে কি না। তিনি বলেছেন, চাপে ভাঙ্গা বলতে কী বোঝায় সেটা জানতে চাই আমি। আসলে আমরা জয়ের মতো পজিশনেই ছিলাম না। আমরা শুরু থেকেই পিছিয়ে ছিলাম এরপর সম্মানজনক একটা স্কোর পাঁড় করাছি। দক্ষিণ আফ্রিকার কোচের মতে দুই ইনিংসেই প্রথম দশ ওভারেই দক্ষিণ আফ্রিকা হেরে গেছে। ব্যাটিংয়ে ৩০৪০ রান কম হয়েছে, বলেছেন তিনি।

**মুম্বাই :** ভারতীয় ক্রিকেট দলের বর্তমান স্পন্সর

‘ড্রিম ইলেভেন’কে সম্প্রতি ভারতের রাজস্ব বিভাগ এক নোটিশ পাঠিয়েছে। নোটিশে তাদের প্রায় ১৭ হাজার কোটি টাকা কর দিতে বলা হয়েছে। এত বিপুল পরিমাণ কর ধার্যের বিষয়কে চ্যালেঞ্জ করে মুম্বাইয়ে উচ্চ আদালতে গিয়েছে ‘ড্রিম ইলেভেন’। এই ট্যাক্স নোটিশের খবর ছড়িয়ে পড়ার পর ‘ড্রিম ইলেভেন’ কোম্পানির শেয়ারের দাম রাতারাতি পড়ে গিয়েছে। এক্ষেত্রে উল্লেখ্য যে ভারতীয় সরকার সম্প্রতি সর্বকম অনলাইন জুয়া ও ক্যাসিনোর উপর ২৮ শতাংশ কর ধার্য করেছে। রাজস্ব বিভাগ বলছে, যেহেতু ড্রিম ইলেভেনের সহযোগী কোম্পানি জুয়া ও বেটিং সাইট চালাচ্ছিল, তাই নিয়ম অনুযায়ী এই কোম্পানিকে এখন তাদের মোট আয়ের উপর ২৮ শতাংশ কর দিতে হবে।

‘ড্রিম ইলেভেন’ কোম্পানি বিশ্বকাপ উপলক্ষ্যে নতুন লোগো দিয়ে ভারতীয় ক্রিকেট দলের নতুন জার্সি উন্মোচন করেছে।

তবে, এই প্রতিষ্ঠানের হাতে ট্যাক্স নোটিশ আসার পর, সামাজিক মাধ্যমে অনেকেই লিখছেন যে ভারতীয় ক্রিকেট দলকে স্পন্সর করা কোম্পানির বিপদে পড়ার ঘটনা এটাই প্রথম নয়। এর আগেও বেশ কয়েকটি স্পন্সর কোম্পানির নাকাল হওয়ার রেকর্ড আছে। আগের স্পন্সরদের কী অবস্থা?

গত ১৫ বছরে বেশ কয়েকবারই ভারতীয় ক্রিকেট দলকে স্পন্সর করার পর নিজেদের খারাপ সময় দেখেছে অনেক কোম্পানি।

এর মধ্যে ভারতীয় ক্রিকেট দলকে দীর্ঘসময় ধরে পৃষ্ঠপোষকতা করা ‘সাহারা ইন্ডিয়া’ এখন দেউলিয়া। এর মালিককে জেলেও যেতে হয়েছিল কোম্পানির আয় গোপন এবং ক্রেতাদের সাথে প্রতারণার অভিযোগে।

একইভাবে ‘স্টার স্পোর্টস’ চ্যানেল দীর্ঘ সময় ধরে ভারতীয় ক্রিকেট দলের স্পন্সর ছিল। সেসময় ক্রিকেট ইতিহাসের সবচেয়ে বড় অঙ্কের অর্থে ভারতীয় ক্রিকেটের সম্প্রচার স্বত্ত্ব কিনে নেয় তারা। কিন্তু এরপরই স্টার স্পোর্টস পতনের মুখে পড়ে। মাঝে কিছুদিন চাইনিজ মোবাইল ফোন কোম্পানি ‘অপ্পো’ ভারতীয় ক্রিকেট দলের স্পন্সরশিপ পেয়েছিল।

কিন্তু এর পরপরই ভারতের সাথে চীনের কূটনৈতিক সম্পর্ক খারাপ হয়ে পড়ে, ভারতে চাইনিজ পণ্য বর্জনের একটা ডাক ওঠে, আর সাথে কোম্পানিটিও খারাপ অবস্থায় পড়ে। এরপর আবির্ভাব ঘটে ‘বাইজু’স’ বলে শিক্ষা বিষয়ক আরেকটা কোম্পানির ‘বেশ ঘটা করেই ভারতীয় ক্রিকেট দলের পৃষ্ঠপোষক হিসেবে যোগ হয় তারা।

শুষ্কর দিকে কোম্পানিটির ভালেই চলছিল, বলিউড অভিনেতা শাহরুখ খান প্রতিষ্ঠানটির ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে যুক্ত হন।

পরে জানা যায় কোম্পানিটি তাদের প্রকৃত মূল্যের চেয়ে কয়েকগুণ বেশি সম্পদ দেখিয়েছে। যার ফলে একইভাবে এই কোম্পানিও এখন কঠিন সময় পার করছে।



আর এখন এই বিশ্বকাপ চলাকালীন ভারতীয় ক্রিকেটের সাম্প্রতিকতম স্পন্সর ‘ড্রিম ইলেভেন’ ট্যাক্স নোটিশ শেল, ফলশ্রুতিতে শেয়ার বাজারেও তারা এখন ধসে পড়ার মুখে।

অর্থ ছাড়াই বুকি নেয় কোম্পানিগুলো

ভারতে যে ক্রিকেট ভীষণ জনপ্রিয় তা বলার অপেক্ষা রাখে না। জাতীয় দলের ক্রিকেটাররা এখানে সাধারণ মানুষের কাছে একেকজন বীরের মর্যাদা পান।

বড় কোম্পানিগুলো যে কোন মূল্যে এই ক্রিকেটারদের তাদের পণ্যের প্রচার দূত হিসেবে পেতে চায়। আর এজন্য বিপুল পরিমাণ অর্থ খরচ করতেও রাজি তারা।

ক্রীড়া বিশ্লেষক জাসবিন্দর সিধু বিবিসিকে বলেছেন, এখানে লক্ষ্য করার বিষয় হল যে কোম্পানিগুলোকে নিয়ে আমরা কথা বলছি, তারা তাদের বিজ্ঞাপনের জন্য ক্রিকেটারদের বাজার মূল্যের চেয়ে অনেক বেশি অর্থ দেয়। এক্ষেত্রে চিন্তা থাকে যেকোনভাবে ক্রিকেটারদের সাথে যুক্ত হওয়া, কোম্পানি তাতে রাতারাতি আলোচনায় চলে আসে এবং এতে মার্কেট থেকে অর্থ সংগ্রহ করাটাও সহজ হয়।

কিন্তু কিছুদিন পর তারা বুঝতে পারে, যে অর্থ তারা ক্রিকেট ও ক্রিকেটারদের পেছনে খরচ করেছে, সেটা অনেক বেশি এবং তা বাজার মূল্যের সাথে সম্বতিপূর্ণ নয়।

তিনি বলেন, কোভিড মহামারীর পর পুরো বাজার ব্যবস্থা বদলে গিয়েছে। অনেক কোম্পানিই সেটা অনুধাবনে ব্যর্থ হয়। এ কারণেই যারা ক্রিকেট ও ক্রিকেটারদের পেছনে অতিরিক্ত অর্থ খরচ করে তারা হারিয়ে যায়। প্রখ্যাত ক্রীড়া সাংবাদিক প্রদীপ ম্যাগাজিন বলেন, সবগুলো ব্র্যান্ড মনে করে তাদের পণ্য

সাধারণ মানুষের প্রত্যাশা পূরণ করবে। এজন্য তারা চলচ্চিত্র তারকাদের তাদের পণ্যের প্রচার দূত বানায় আর ক্রিকেটারদের দিয়ে বিজ্ঞাপন করায়।

তিনি মনে করেন, ক্রিকেট তারকা সেটা ভিরাট কোহলি, যোনি বা টেন্ডুলকার....এসবই বড় নাম। কোম্পানিগুলোর ধারণা হয় যদি এসব ক্রিকেটার তাদের পণ্যের প্রচার করে তাহলে এর বিক্রি বাড়বে। কিন্তু দেখা গেছে অনেক কোম্পানিই আসলে ততোটা শক্তিশালী নয়। তারা বুকি নেয়। ক্রিকেটাররা অনেক অর্থ দাবি করে। শীর্ষ ক্রিকেটাররা প্রচার দূত হতে কোটি কোটি রুপি নিয়ে থাকে। এই প্রাথমিক বিনিয়োগটা কিন্তু অনেক, আর এর ফল সাথে সাথে পাওয়া যায় না।

মি. প্রদীপ বলেন, যদি কোন কোম্পানি আর্থিক দিক থেকে শক্তিশালী না হয়, তাহলে সেটি ভুবে যাওয়ার একটা শঙ্কা তৈরি হয়। স্যামস্যাং, পেটিএম, এলজির মতো বড় কোম্পানিগুলো কিন্তু আবার এক্ষেত্রে সফল হয়েছে।

প্রায় অর্ধেক কোম্পানি কিন্তু আবার ক্ষতির মুখে পড়েনি, কারণ ক্রিকেটকে প্রচার দূত বানানোটা দোমের কিছু না। সমস্যা হল তাদের যথেষ্ট অর্থ ছিল না এবং তারা অনেক বড় বুকি নিয়েছিল। বড় কোম্পানিগুলো যেমন ভারতের বিখ্যাত সব ক্রিকেটারদের দিয়ে তাদের প্রচার করায়, তেমনি একইভাবে বিদেশি ক্রিকেটারদেরও এ কাজে যুক্ত করে তারা।

এই বিজ্ঞাপনগুলো সাধারণের মাঝে খুবই জনপ্রিয় হয় এবং আন্তর্জাতিক স্বীকৃতি আছে এমন একজন ক্রিকেটার যুক্ত থাকলে এর ব্র্যান্ড মূল্যও অনেক বেড়ে যায়।

এক্ষেত্রে শুধুমাত্র শীর্ষ চলচ্চিত্র অভিনেতাঅভিনেত্রী সাথেই কেবল

ক্রিকেটারদের তুলনা হতে পারে।

বিশ্বক্রিকেটে ভারতীয় ক্রিকেটাররা সবচেয়ে বেশি উপার্জন করে থাকে। ভারতীয় ক্রিকেট বোর্ডও বিশ্বের সবচেয়ে সম্পদশালী বা ধনী ক্রিকেট বোর্ড।

ক্রিকেটের জনপ্রিয়তা ও বিজ্ঞাপনের বাজার সাপ্তাহিক ম্যাগাজিন ‘দ্য উইক’-এর ক্রীড়া সম্পাদক নীরু ভাটিয়া বলেন, ক্রিকেট ভারতে সবচেয়ে জনপ্রিয় খেলা। বিজ্ঞাপনের জন্য ক্রিকেট ও ক্রিকেটারদের উপর অর্থ বিনিয়োগ নিশ্চিতভাবেই লাভজনক।

তিনি মনে করেন যে সব কোম্পানি লোকসানে পড়েছে তাদের সাথে ক্রিকেট বা ক্রিকেটারের কোন সম্পর্ক নেই। তারা ভুবেছে নিজেদের অভ্যস্তরীণ সংকটের কারণে।

নীরু ভাটিয়া বলেন, মেয়েদের প্রিমিয়ার লিগ ক্রিকেট এখনো নতুন। কিন্তু যখন এটা শুরু হল, তখন কিন্তু স্পন্সরের জন্য কারো কাছে যেতে হয়নি, অনেক কোম্পানিই এগিয়ে আসে এক্ষেত্রে বিনিয়োগের জন্য।

তার মতে, ক্রিকেট যেরকম জনপ্রিয়, একইভাবে এখানে বিজ্ঞাপন প্রচারের চাহিদাও অনেক, আর সেটা দিন দিন বাড়ছেই।

ফলে ভারতীয় ক্রিকেটকে স্পন্সর করে দেউলিয়া হওয়ার কথা যদিও লোকমুখে বা সামাজিক মাধ্যমে ছড়িয়েও থাকে, তার বাস্তব কোন ভিত্তি নেই।

কারণ যে কারণে ভারতের ক্রিকেট আর ক্রিকেটারদের পেছনে অর্থ লগ্নি করতে চায় কোন কোম্পানি, সেই কারণটির কোন পরিবর্তন তো হয়নি - মানে ক্রিকেটের জনপ্রিয়তায় যেমন ভাটা পড়েনি, তেমনি নতুন নতুন ক্রিকেটার আইকনও উঠে আসছেন।

Compra Ahora

www.indiyafashion.com

Nuevas colecciones

• Ropa India y Accesorios • Vestido Superior

• Faldas, Partalon Cubieratade cousin, Zapatos, Lámpara • Bolso/Cartera Y otros Accesorios

.....y muchos más

Akki Media y Ropa India spa

IMPORTADORA

IMPORTACION/VENTA DE ROPA INDIA Y ACCESORIES

SALVADOR SANFUENTES # 2647, MALL PLAZA LILA MALL, LOCAL No. 201

Fono : 932930142, WhatsApp : +91 9458650093

https://www.facebook.com/INDIYAFASHION/

f

wh

ig

facebookwhatsappinstagram

indiyafashion

Es todo historia la moda india

IMPORTACIÓN DIRECTA DE INDIA

ELIJA SU ESTILO

RASIKA

Clothing Line

Made in India



## গাজার হাসপাতালে জল ও অক্সিজেন নেই, এক জিশ্মির মৃতদেহ গেয়েছে ইসরায়েল

**গাজা (গম্মেডেক্স):** ইসরায়েল জানিয়েছে তাদের সৈন্যরা গাজায় এক জিশ্মির মৃতদেহ পেয়েছে। ৬৫ বছর বয়সী ইয়েহুডিভ ওয়েইসকে গত সাতই অক্টোবর অপহরণ করে নিয়ে এসেছিলো সশস্ত্র গোষ্ঠী হামাসের যোদ্ধারা। কর্মকর্তারা জানিয়েছেন আল শিফা হাসপাতাল সংলগ্ন একটি জায়গা থেকে তার মৃতদেহ উদ্ধার করা হয়। ইসরায়েল সেখানে তাদের অভিযান অব্যাহত রেখেছে এবং তারা হামাসের একটি টানেরেল সংযোগস্থলের সন্ধান পাওয়ার দাবি করেছে। ওদিকে আল শিফা হাসপাতালের পরিচালক জানিয়েছেন সেখানে এখন জল ও অক্সিজেন নেই এবং রোগীরা তৃষ্ণায় চিৎকার করছে। ইসরায়েলি ট্যাংক হাসপাতালটি ঘিরে আছে আর ওপরে ঘুরছে ড্রোন। হাসপাতালের ভেতরে দ্বিতীয় দিনের মতো তল্লাশি চালিয়েছে সৈন্যরা। হাসপাতালের ভেতরে আটকে পড়া একজন সাংবাদিক বিবিসি’র রুশদি আবু আলৌফকে ফোনে জানিয়েছেন যে ‘ইসরায়েলি সৈন্যদের সব জায়গায় দেখা যাচ্ছে এবং তারা সব দিক থেকে গুলি করছে’। তবে বিবিসি নিরপেক্ষভাবে এর সত্যতা যাচাই করতে পারেনি।

আল শিফা হাসপাতালের সবশেষ অবস্থা হাসপাতালটির পরিচালক মুহাম্মদ আবু সালমিয়া জানিয়েছে আল শিফার অবস্থা ‘ভয়াবহ’, যেখানে এখনো সাড়ে ছয়শ রোগী, পাঁচশ চিকিৎসা কর্মকর্তা এবং পাঁচ হাজার বাস্তুচ্যত মানুষ অবস্থান করছে। গত বুধবার থেকে সেখানে অভিযান চালাচ্ছে ইসরায়েলি বাহিনী এবং বৃহস্পতিবার তারা সেখানে হামাসের টানেরেলের একটি সুড়ঙ্গের সন্ধান পাওয়ার দাবি করে। একই সাথে অস্ত্র বোঝাই একটি গাড়ি পাওয়ার কথাও জানায় তারা। হাসপাতালটির পরিচালক জানান ইসরায়েলি সেনারা হাসপাতালটির প্রধান জলের সংযোগ উড়িয়ে দিয়েছে। অভিযান চলছে। কেউ এক ভবন থেকে আরেক ভবনে যেতে পারছে না। আমরা আমাদের সহকর্মীদের সাথেও কোন যোগাযোগ করতে পারছি না, তিনি বলছিলেন। গাজার হামাস পরিচালিত স্বাস্থ্য মন্ত্রণালয় বলছে পুরো মেডিকেল কমপ্লেক্সটির দক্ষিণ দিকের প্রবেশপথে একটি অংশ বুলডোজার দিয়ে গুড়িয়ে দিয়েছে সেনারা। এক জিশ্মির মৃতদেহ পাওয়ার দাবি ইসরায়েলের সামরিক বাহিনী বলছে তাদের সৈন্যরা গাজায় হামাস জিশ্মি করে রেখেছিলো এমন একজন নারীর মৃতদেহ উদ্ধার করেছে। আইডিএফ বলছে ৬৫ বছর বয়সী ইয়েহুডিভ ওয়েইসের মৃতদেহ আল শিফা হাসপাতাল সংলগ্ন একটি ঘর থেকে উদ্ধার করেছে তারা। গত সাতই অক্টোবর হামাসের হামলার সময় তাকে যখন অপহরণ করে নেয়া হয় তখন তিনি ব্রেস্ট ক্যান্সারের জন্য চিকিৎসা নিচ্ছিলেন। তার স্ত্রী শমুয়েলকে বন্দুকধারীরা গুলি করে হত্যা করেছিলো। ওই মোট ২৪০ জনকে হামাস জিশ্মি করেছে বলে জানিয়েছিলো



ইসরায়েল। ইয়েহুডিভ ওয়েইস কিবুতযের একটি কিন্ডারগার্টেনে কাজ করতেন। এক বিবৃতিতে আইডিএফ বলেছে ওই নারীর মৃতদেহ যেখানে পাওয়া গেছে সেখানে কালাশনিকভ রাইফেল ও রকেট চালিত গ্রেনেড পেয়েছে তারা। দুঃখজনকভাবে ইয়েহুডিভ গাজার সন্ত্রাসীদের হাতে খুন হয়েছে এবং আমরা সময়মতো তার কাছে পৌঁছাতে পারিনি। আরও লোকজনকে সরে যাওয়ার নির্দেশ গাজার দক্ষিণে খান ইউনিস শহরে লিফলেট ফেলে লোকজনকে বাড়িঘর ছেড়ে আশ্রয় শিবিরের দিকে যাওয়ার কথা বলা হচ্ছে। সেখানে অন্তত চারটি শহরে এ ধরনের লিফলেট ফেলা হচ্ছে। ওদিকে দিনের বেশিরভাগ সময়েই গাজায় মোবাইল ও ইন্টারনেট সেবা কাজ করছে না। টেলিকম কোম্পানিগুলো জানিয়েছে জ্বালানির অভাবে তারা তাদের কার্যক্রম চালাতে পারছে না। এমনকি জ্বালানি তেলের সংকটের কারণে ত্রাণ কার্যক্রমেও সংকট তৈরি হয়েছে। জাতিসংঘের ফিলিস্তিনি শরণার্থী সংস্থা জানিয়েছে শুক্রবার থেকে মিশর সীমান্ত থেকে ত্রাণসামগ্রী আনার জন্য ট্রাক পাঠানো সম্ভব হবে না। পশ্চিম তীরের কী অবস্থা ইসরায়েল জানিয়েছে তাদের নিরাপত্তা বাহিনী তিন বন্দুকধারীকে গুলি করে হত্যা করেছে। এসব বন্দুকধারীরা পশ্চিম তীর থেকে জেরুসালেমের দিকে যাওয়ার একটি চেকপোস্টে গুলি শুরু করেছিলো। এ ঘটনায় ইসরায়েলের একজন সৈন্য নিহত হয়েছে

এবং আরও কয়েকজন আহত হয়েছে। হামাসের সামরিক শাখা দাবি করেছে তারাই ওই হামলা চালিয়েছে। এছাড়া জেনিন শহরেও আবারও ইসরায়েলি অভিযানের খবর পাওয়া গেছে। ফিলিস্তিনি রোড ব্লকস্ট জানিয়েছে সংস্থাটির একটি মেডিক্যাল সার্ভিসেস টিম আলআহলি হাসপাতালের ভেতরে আটকা পড়েছে। সেখানে তাদের কর্মীরা প্রচণ্ড বিস্ফোরণ ও গোলাগুলির শব্দ শুনছিলেন। হাসপাতাল প্রাঙ্গণে বেশ কয়েকজন হতাহত হয়েছে। আমাদের দলটি এর ৩০ মিটারের মধ্যেই অবস্থান করছিলো। আমরা তাদের সাথে যোগাযোগ করতে পারছি না, সামাজিক মাধ্যমে জানিয়েছে তারা। এরপর থেকে এ ঘটনার আর কোন আপডেট পাওয়া যায়নি। ইসরায়েলের দিক থেকেও এ বিষয়ে কোন বক্তব্য আসেনি। সিনিয়র হামাস নেতাদের ওপর হামলার দাবি ইসরায়েল দাবি করেছে গাজার দুটি ভূগর্ভস্থ এলাকায় গত কয়েকদিন ধরে হামাসের কয়েকজন সিনিয়র নেতাকে লক্ষ্য করে অভিযান চালাচ্ছে তারা। হামাসের কয়েকজন সিনিয়র কমান্ডার এসব জায়গায় লুকিয়ে আছে। এর মধ্যে হামাসের নর্দার্ন গাজা ব্রিগেডের প্রধান আহমেদ রাদ্দোর এবং হামাস রকেট ব্রিগেডের প্রধান হাইমান সিয়ানও আছে, বলছিলেন সামরিক বাহিনীর মুখপাত্র ড্যানিয়েল হ্যাগারি। তিনি জানিয়েছেন এর বাইরে আরও একটি ভূগর্ভস্থ এলাকায় হামলা চালানো হয়েছে। সেখান হামাসের আরও কয়েকজন গুরুত্বপূর্ণ ব্যক্তির অবস্থানের কথা জানান তিনি।

## গাজার হাসপাতালে ইসরাইলের অভিযান চলেছে জাতিসংঘ ‘জরুরি’ মানবিক বিরতির আহ্বান জানিয়েছে

**জেনেভা (গম্মেডেক্স):** ইসরাইলের বাহিনী গাজার শিফা হাসপাতালের চারপাশে হামলা চালিয়ে যাচ্ছে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন হামাসকে শিফা হাসপাতালে একটি কমান্ড সেন্টার পরিচালনা করার দায়ে অভিযুক্ত করেছেন। তিনি একে ‘যুদ্ধাপরাধ’ বলে অভিহিত করেছেন। হামাস এবং হাসপাতালের কর্মকর্তারা গাজার বৃহত্তম এই মেডিকেল সেন্টারকে যুদ্ধের উদ্দেশ্যে ব্যবহার করার অভিযোগ অস্বীকার করেছেন। এক বিবৃতিতে হামাস বলেছে, বাইডেন প্রশাসন মূলত আইডিএফকে অভিযান চালানোর জন্য ‘সবুজ সংকেত’ দিয়েছে। হোয়াইট হাউস এই দাবি প্রত্যাখ্যান করেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রধান এই হামলাকে ‘সম্পূর্ণ অগ্রহণযোগ্য’ বলে অভিহিত করেছেন। জাতিসংঘের নিরাপত্তা পরিষদ হামাসের হাতে বন্দি সকল জিশ্মিদের অবিলম্বে মুক্তি এবং গাজায় জরুরি ও বর্ধিত মানবিক বিরতির আহ্বান জানিয়ে একটি প্রস্তাব পাস করে। ইসরাইল বলেছে, রেজুলেশনটি বাস্তবতা থেকে দূরে। ইসরাইলি কারাগারে বন্দি ফিলিস্তিনি নারী এবং শিশুদের বিনিময়ে হামাস গাজায় জিশ্মি হিসেবে আটক থাকা অন্তত ৫০ জন নারী ও শিশুকে মুক্তি দেবে এমন একটি প্রস্তাবিত চুক্তির বিষয়ে আলোচনা চলছে বলে জানা গেছে। ৭ অক্টোবর ইসরাইলে হামলা চালানোর সময় হামাস আনুমানিক ২৪০ জন ইসরাইলি এবং বিদেশীকে জিশ্মি করে। হামাস জানিয়েছে, প্রায় ৬৫০ জন রোগী এবং ৫ হাজার থেকে ৭ হাজার জন ফিলিস্তিনি বেসামরিক নাগরিক হাসপাতালের মাঠে আশ্রয় নিয়েছে। জাতিসংঘের মহাসচিব অ্যান্ড্রনিয় গুত্তেরেস ২৪ অক্টোবর ২০২৩ তারিখে নিরাপত্তা পরিষদে দেয়া বক্তব্যে মধ্যপ্রাচ্য পরিস্থিতি সম্পর্কে গভীর উদ্বেগ প্রকাশ করে বলেছেন, গাজাতে ইসরাইলের অবরোধ ‘আন্তর্জাতিক মানবতা আইনের স্পষ্ট লঙ্ঘন’। গাজায় ফিলিস্তিনি কর্তৃপক্ষ বলেছে, ৭ অক্টোবর দক্ষিণ ইসরাইলে হামাস জঙ্গিদের হামলার প্রতিক্রিয়ায় ইসরাইল গাজায় বৃহৎ বিমান এবং স্থল আক্রমণ শুরু করার পর থেকে ১১ হাজারের বেশি মানুষ নিহত হয়েছে এদের মধ্যে ৪০ শতাংশ হলো শিশু। ৭ অক্টোবর হামাসের হামলায় ইসরাইলে ১২০০ জন নিহত হয়েছিল। মঙ্গলবার জাতিসংঘের মানবিক কার্যালয়

বলেছে, যুদ্ধ শুরু হওয়ার পর থেকে গাজার ২৬ লাখ জনসংখ্যার দুইতৃতীয়াংশের বেশি মানুষ তাদের বাড়িঘর ছেড়ে পালিয়েছে। ইসরাইলি সেনাবাহিনী বলেছে, তারা গাজা শহরের বেশ কয়েকটি সরকারি স্থাপনা দখল করেছে। এর মধ্যে রয়েছে ওই অঞ্চলের আইনসভা ভবন, হামাস পুলিশ সদর দপ্তর এবং হামাসের সামরিক গোয়েন্দা সদর দপ্তরের একটি কম্পাউন্ড। সেনা অনুপ্রবেশের অগ্রগতির সাথে সাথে গাজায় ত্রাণ সহায়তা প্রদানের জন্য

যুদ্ধবিরতি আরোপ করার ক্রমবর্ধমান এবং তীর আন্তর্জাতিক চাপ প্রত্যাখ্যান করেছে ইসরাইল। তবে তারা ফিলিস্তিনিদের উত্তর গাজা থেকে সরিয়ে নেয়ার জন্য দুটি করিডোর খোলার জন্য দৈনিক চার ঘণ্টা মানবিক বিরতি দিতে

সম্মত হয়েছে।

যুক্তরাষ্ট্র ১৯৯৭ সালে হামাসকে সন্ত্রাসী সংগঠন হিসেবে চিহ্নিত করে। ইসরাইল, মিশর, ইউরোপীয় ইউনিয়ন এবং জাপানও হামাসকে সন্ত্রাসী গোষ্ঠী হিসেবে বিবেচনা করে।



La India vive en el mundo indio.

# CAMBIA TU ESTILO DE VIDA

CON NUEVA TENDENCIA

ELIJA SU ESTILO

Nueva colección

## RASIKA

Clothing Line

Made in India

IMPORTACIÓN DIRECTA DE INDIA

Envolver Las Faldas

Blusas, Top y Camisa

Vestidos, Completo, Corto y Superior

Falda y Pantalones

**COMPRA AHORA**

**www.indiyfashion.com**

**NUEVAS COLECCIONES**

- Ropa India y Accesorios
- Vestido, Vestido Superior
- Faldas, Pantalón
- Cubieratade couison, Zapatos, Lámpara
- Bolso/Cartera Y otros Accesorios

.....y muchos más

**Akki Media y Ropa India spa**

IMPORTADORA

IMPORTACION/VENTA DE ROPA INDIA Y ACCESORIOS

BALVADOR SANPUENTES # 2547, MALL PLAZA L.R.A MALL, LOCAL No. 201

Fono : +525333142, WhatsApp : +51 9958050095

<https://www.facebook.com/INDIYFASHION/>

## টুকরো খবর

**ইসরাইলের বিরুদ্ধে ক্রমবর্ধমান সমালোচনার মুখে যুক্তরাষ্ট্রের ‘মোক্ষম অস্ত্র’ প্রয়োগ**

**ওয়াশিংটন :** গাজায় ক্রমশই মৃতের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় এবং সামাজিক মাধ্যমে ফিলিস্তিনিদের কষ্টের ছবি দেখে ইসরাইলি চাপের মুখে রয়েছে। আর এদিকে যুক্তরাষ্ট্র গোয়েন্দাদের কিছু তথ্য প্রকাশ করেছে। হোয়াইট হাউস এবং পেন্টাগন মঙ্গলবার ঘোষণা করে , ইসরাইলের দাবি অনুযায়ী যুক্তরাষ্ট্রের কাছে এ রকম তথ্য আছে যে হামাস যাকে দীর্ঘদিন ধরেই ওয়াশিংটন একটি সন্ত্রাসী সংগঠন হিসেবে অভিহিত করে এসেছে ‘গাজার শিফা হাসপাতালকে ইসরাইলের বিরুদ্ধে তৎপরতা চালাতে ব্যবহার করছে। যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা পরিষদের মুখপাত্র জন কার্বি , এয়ারফোর্স ওয়ান বিমানে প্রেসিডেন্ট বাইডেনের সঙ্গে ভ্রমণরত প্রতিবেদকদের বলেন, আমাদের কাছে এমন তথ্য আছে যা এটা নিশ্চিত করে যে হামাস ঐ নির্দিষ্ট হাসপাতালটিকে ‘কমান্ড এন্ড কন্ট্রোলের’ সংযোগস্থল হিসেবে ব্যবহার করছে। পেন্টাগনের ডেপুটি প্রেস সেক্রেটারি সাবরিনা সিং পেন্টাগনের প্রতিবেদকদের বলেন, সেখানে তাদের অস্ত্র মণ্ডজুদ করে রাখা আছে এবং ঐ স্থাপনার উপর ইসরাইলি সামরিক অভিযানের বিরুদ্ধে পাল্টা জবাব দিতে প্রস্তুত রয়েছে। তিনি আরও বলেন আল শিফা হচ্ছে হামাস ও তার মিত্র ফিলিস্তিনি ইসলামিক জিহাদের ব্যবহৃত কয়েকটি স্থাপনার মধ্যে মাত্র একটি যা তারা, তাদের সামরিক অভিযান লুকিয়ে রেখে তাতে সহায়তা প্রদান এবং জিশ্মিদের আটকে রাখার জন্য ব্যবহার করছে। এই ধরনের তথ্য প্রকাশ করার কৌশল - যা কীনা হোয়াইট হাউসে কৌশলগত অবনমন বলে পরিচিতবাইডেন প্রশাসনের জন্য ‘মোক্ষম অস্ত্র’ হয়ে উঠেছে যাতে বিশ্বব্যাপী জনমত তৈরি করা যায়। নাম প্রকাশ না করার শর্তে যুক্তরাষ্ট্রের একজন জ্যেষ্ঠকর্মকর্তা ভয়েস অফ আমেরিকাকে বলেন, আমরা মনে করি বিশ্বের জন্য এটা জানা প্রয়োজন যে হামাস কি ভাবে অসামরিক জনগণের মধ্যে প্রবেশ করেছে এবং হাসপাতালের লোকজনসহ অসামরিক লোকদের মানব ঢাল হিসেবে ব্যবহার করছে। কর্মকর্তাটি বলেন, বিশেষত শিফা হাসপাতালকে সামরিক তৎপরতা চালানোর জন্য বেছে নেয়ার বিষয়টি যুদ্ধের নিয়মের লঙ্ঘন। হোয়াইট হাউসো পেন্টাগন থেকে এই ঘোষণা সম্পর্কে তাৎক্ষণিক ভাবে সামাজিক মাধ্যমে সংশয় প্রকাশ করা হয় যেখানে যুক্তরাষ্ট্রকে এই বলে দোষারোপ করা হয় যে ইসরাইলকে বাঁচানোর জন্য অথবা ইসরাইলের নিজের দাবির উপর ভিত্তি করে এই ঘোষণা করা হয়েছে।



**যুক্তরাষ্ট্রের কংগ্রেসে মিয়ানমারের সহায়তা বিতর্ককে ২০২৪ সাল পর্যন্ত মূলতবি**

**ওয়াশিংটন :** মিয়ানমারে যুক্তরাষ্ট্রের ত্রাণ সহায়তা নিয়ে বিতর্ক অন্তত পরের বছরের শুরু পর্যন্ত অমীমাংসিত থাকবে। যুক্তরাষ্ট্রের আইন প্রণেতারা এই সপ্তাহে আবারও ২০২৪ সালের জন্য চূড়ান্ত বাজেট পাস করতে বিলম্ব করেছেন। যুক্তরাষ্ট্রের আইন প্রণেতারা একটি স্বল্পমেয়াদী চলমান প্রস্তাব পাস করবেন বলে আশা করা হচ্ছে। এই প্রস্তাব পাশ হলে আগামী বছরের শুরুর দিকে বর্তমান স্তরে সরকারকে অর্থায়ন করবে। এর মধ্যে ২০২৩ জাতীয় প্রতিরক্ষা অনুমোদন বা এনডিএএএর অংশ হিসেবে পাস হওয়া বার্মা আইন অন্তর্ভুক্ত রয়েছে। কিন্তু ২০২৪ সালের বাজেটের জন্য মিয়ানমারকে (বার্মাকে) সহায়তার জন্য সিনেট এবং হাউসের ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি মেলাতে হবে। ডেমক্র্যাটিক সংখ্যাগরিষ্ঠ যুক্তরাষ্ট্রের সিনেট দ্বারা সৃষ্ট ২০২৪ সালের বাজেটের সংস্করণের অধীনে মিয়ানমারে ত্রাণ সহায়তা এবং গণতন্ত্র প্রচার কর্মসূচিতে আরও অর্থায়ন করতে হবে। কিন্তু সক্রিয় কর্মীরা বিলম্ব এবং রিপাবলিকানসংখ্যাগরিষ্ঠ হাউস অফ রিপ্রেজেন্টেটিভস দ্বারা পাসকৃত বাজেটের সংস্করণ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। এটি কিছু অর্থায়ন কমিয়ে দেবে। এই বছরের জুলাই মাসে প্রকাশিত ২০২৪ অর্থবছরের স্বরাষ্ট্র, বৈদেশিক কার্যক্রম এবং এ সম্পর্কিত কর্মসূচীর বাজেটে যুক্তরাষ্ট্রের হাউসের আইনপ্রণেতারা বর্তমান বার্মা আইন বাস্তবায়নের জন্য ৫ কোটি ডলার সুপারিশ করেছেন এবং একই সাথে যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা বা ইউএসএআইডিএর উন্নয়ন সহায়তার জন্য ১৪০ কোটি ডলার হ্রাসের সুপারিশ করেছেন। ২০২৩ সালের জুলাই মাসে জান্তাকে ক্ষমতাচ্যুত করার লুকিয়ে থাকা ও নির্বাসনে থেকে চালিত একটি ছায়া প্রশাসন মিয়ানমারের জাতীয় একা সরকার এবং সহযোগী জাতিগোষ্ঠীগত সংখ্যালঘু বিদ্রোহী সেনাবাহিনীর একটি ত্রীা ভয়েস অফ আমেরিকাকে বলেছিল,‘তারা যুক্তরাষ্ট্রের কংগ্রেসের কাছে ২০ কোটি ডলারের নিরস্ত্র মানবিক সহায়তাসহ ৫২ কোটি ৫০ লাখ ডলার সহায়তা চেয়েছিল। এই সংখ্যাটি পূর্বে কংগ্রেস কর্তৃক বরাদ্দকৃত ১৩ কোটি ৬০ লাখ ডলারের চার গুণ হবে।

# सुबह की सुनहरी शुरुआत

**अब नये तेवर में**  
राष्ट्रीय खबर अब बांग्ला में भी

**জাতীয় খবর**





## ঘূর্ণিঝড় 'মিথিলি'র প্রভাব শুরু, গতিবিধি সম্পর্কে যা জানা যাচ্ছে

[illegible]